# ভৌতিক বিদ্যা, শারীরিক ক্ষেত্র

এখন আমি... ?...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।] আমি কার্য্যক্ষেত্রে এই প্রথমবার, আমি আমার কোন সভায় এটা করেছি। এটি একটি নতুন সময়। ভাই ব্যাক্সটার চলে গেছেন; আর—আর ভাই বসওয়ার্থ ভারতে, অথবা, আফ্রিকাতে; আর ভাই ব্যাক্সটার, আমি জানি না তিনি কোথায় আছেন। তিনি কোথাও গেছেন, আর বাকিরা বাইরে গেছেন। বিলি আর আমি এখানে একা, তাই আমরা খুব ভালো সময় কাটাচ্ছি: উঠছি, শিকার করছি আর খাচ্ছি। তাই, আমরা—আমরা একরকম অনুভব করছি, প্রভুর সাহায্যে, হয়তো আমরা পারব, আমরা নিজেরাই সভাটি চালিয়ে নিতে পারব। এই জন্যই আমি এটিকে কিছুটা সম্পাদিত হতে দেখে আনন্দিত, সেই জন্য। আমি বিশ্বাস করি প্রভু আমাদের এটা করতে সাহায্য করবেন। এখন, আপনারা জানেন সেখানে...

আমি আমার ব্যবস্থাপকদের ভালোবাসি। আমার কিছু ভালো ভাই রয়েছেন, বসওয়ার্থ, ব্যাক্সটার, লিন্ডসে, মুর, সকলে, তাদের পাঁচজন রয়েছেন, ব্যারন ফন ব্লমবার্গ। তারা খুব ভালো মানুষ। কিন্তু সেখানে এমন কিছু রয়েছে, যখন আপনি লোকদের একত্রিত করেন, একজনের কাছে একটি বিষয় থাকে, আরেকজনের কাছে আরেকটি। কখনও কখনও সেটি, আমি যা ভেবে থাকি তার বিপরীতে হয়ে থাকে। তাই আমি—আমি—আমি মনে করি আমি এখন মুক্ত। আমরা একটি ভলো সময় কাটাতে পারি, শুধু আমাদের হাতা গুটিয়ে নিয়ে, এতে ডুব দিয়ে খেতে পারি। আমি আপনাদের হাতা গুটিয়ে দিয়ে একটি—একটি ভালো সময় কাটানোর কথা ভাবছি।

আমার প্রথম বাইবেল ছিল প্রকৃতি। আমি প্রকৃতির মাধ্যমে ঈশ্বরকে শিখেছি। আমি মাছ ধরতে পছন্দ করি। আমি মাছ ধরতে কত ভালোবাসি! তুমি মাছ ধরতে পছন্দ কর, ছোট ছেলে? যদি তুমি মাছ ধরতে পছন্দ কর, এবং তোমার মাকে ভালোবাস, তুমি একজন ভালো পুত্র তৈরি করতে যাচ্ছ। এমনকি আমার ধর্মান্তরিতকরণও আমার কাছ থেকে সবকিছু কেড়ে নেয়নি। তাই একদিন আমি পাহাড়ে ছিলাম, মাছ ধরতে দূরে ছিলাম। এখন, এটা শুধুমাত্র এই

ছোট ছেলেটিকে সাহায্য করার জন্য। আর আমি সেখানে পাহাড়ে মাছ ধরছিলাম...আর অন্যান্য ছোট বাচ্চাদের জন্য, অবশ্যই, সেখানে বসে ছিলাম। আর আমি ট্রাউট মাছ ধরছিলাম। আর, ওহ, বসন্তের সময় এটা চমৎকার ছিল। আমি এইভাবে এগিয়ে যাই, আর পাশের গর্তে একটি ট্রাউট মাছ ছিল, আপনারা জানেন, এইভাবে। আর প্রভুর প্রশংসা করছিলাম এবং একটি ভালো সময় যাপন করছিলাম, চিৎকার করে। কখনও কখনও, আমার রশি নিচে ফেলে দিয়ে। আমি চিৎকার করতে বিশ্বাস করি। আমেন। আমি অবশ্যই করি। কারণ, আমি জানি কিছু আমাকে ধরে ফেলে, আর এটা আমার সঙ্গে কিছু করে।

2 তাই আমি সেই দিন সকালে একটু দূরে চলে গিয়েছিলাম, আর যখন আমি ফিরে আসি, সবচেয়ে অদ্ভুত বিষয়: নিউ হ্যাম্পশায়ারে প্রচুর ভাল্লুক রয়েছে। সেখানে আমার একটি ছোট ক্যাম্প আছে, যেখানে আমি মাছ ধরি। আর আমার একটি ছোট তাঁবু ছিল, যেখানে আমি বাস করতাম। আর কালো ভাল্লুক সেখানে সবচেয়ে দুষ্টু প্রাণী। সুতরাং, একটি বৃদ্ধ মা ভাল্লুক আর কয়েকটি ছোট বাচ্চা সেখানে ঢুকে পড়ে, আর তারা আমার তাঁবুটি ধ্বংস করে দিয়েছিল!

3 এখন, আপনারা কি মনে করেন সেই ভাল্লুকের সাথে আমার কি করা উচিত ছিল, সেই লাল চুলযুক্ত ছোট্ট মেয়েটি, সেখানে? আমার সত্যিই তাকে অনুসরণ করা উচিত ছিল, তাই না?

4 কিন্তু সে এখানে কি করে। সে ভিতরে এসে, সে আমার তাঁবু ছিঁড়ে ফেলে এবং সে সবকিছু ছড়িয়ে দেয়, আর সেখানে আমার যা খাবার ছিল, সমস্ত খেয়ে ফেলে, আর সে ভালই করছিল। যখন আমি সেখানে আসি, সে চলে যায়। আর সে তার বাচ্চাদের জন্য চিৎকার করে, একটি ছোট বাচ্চা তার সঙ্গে দৌড়ে চলে যায়। আর অন্যটি যাচ্ছিল না; সে সেখানে বসে পড়ে। তার পিঠ আমার দিকে করে, এইভাবে, আর সে কিছু করছিল। আর আমার হাতে একটি পুরানো কুড়াল ছাড়া আর কিছুই ছিল না। আমি সেখানে কিছু পুরানো ডাল কাটাচ্ছিলাম। ঠিক আছে, সে দৌড়ে পালিয়ে গেল, ওহ, আমি অনুমান করি সেখানে টেলিফোনের খুঁটি পর্যন্ত, আর সে বসে পড়ল। সে এই ছোট্ট ভাল্লুকটির দিকে চিৎকার করে, কিন্তু সে এতে কোন মনোযোগ দেয়নি। সে সেখানে বসে থাকল।

5 আমি ভাবলাম, "সেই ছোট ভাল্লুকটি কি করছে?" আমি একটু এগিয়ে গেলাম। আমি খুব কাছে যেতে ভয় পাচ্ছিলাম, ভয় পাচ্ছিলাম সে আমাকে আঁচড়াবে। তাই—তাই আমি—আমি কোন গাছ দেখতে পাইনি, আর আমি জানি সেও আরোহণ করতে পারে।

তাই, আমি তার খুব কাছে যেতে চাইনি, কারণ আমি ভালুকের স্বভাব জানি। তাই, আমি একটু কাছে গেলাম। আর আপনারা কি জানেন কি ঘটেছিল ?

6 এখন, আমি প্যানকেক পছন্দ করি। আপনারা কতজন প্যানকেক পছন্দ করেন ? ওহ্, বালক ! ওহ্, আমি...বৃদ্ধরাও। আমি তাদের হাত উপরে তুলতে দেখেছি। আমরা সবাই প্যানকেক পছন্দ করি, আর আমি সেগুলি ভালোবাসি, আমি তাদের উপর মধু ঢালতে পছন্দ করি। একজন ব্যাপটিস্ট হওয়ার কারণে, আপনারা জানেন, সেটাই আমাদের সোজা রাখে, আপনারা জানেন, মধু, আপনারা জানেন। তাই, শুনুন, আমি তাদের ছিটিয়ে দিই না, আমি সত্যিই তাদের বাপ্তিস্ম দিই। আমি সত্যিই এটি ঢালি যেখানে এটি সত্যিই ভালো এবং ভারী হয়ে উঠে। আমি এখানে সেখানে একটু ছিটিয়ে দিই না। আমি সত্যিই এটা তাদের উপর ঢেলে দিই, তাদের সব মধু দিয়ে পূর্ণ করি।

7 আর তারপর, আপনারা জানেন, সেখানে আমার কাছে এক বালতি মধু ছিল, অর্ধেক গ্যালন বালতি মধু। আর ভাল্লুকরা মধু খুব পছন্দ করে। তাই এই ছোট্ট ভাল্লুকটি সেখানে প্রবেশ করে আর সেই মধুর বালতিটির ঢাকনা খুলে ফেলে, আর সে সেখানে এইভাবে বসে ছিল, এই মধুর ছোট্ট বালতি তার বাহুতে নিয়ে, *এইভাবে*। সে... আর সে এটা খেতে জানত না, যেমন আপনারা করেন, আপনারা জানেন, তাই সে তার ছোট্ট থাবাটি প্রবেশ করিয়ে *এইভাবে* এটি চাটতে থাকে। আর সে ঘুরে আমার দিকে তাকাল, আর তার ছোট্ট চোখ দুটো একসাথে জড়িয়ে ছিল, তার ছোট্ট পেট মধু দিয়ে চটচটে হয়ে গিয়েছিল। সে সেখানে বসে, হাত ঢুকিয়ে মধু চাটছিলেন, *এইভাবে*, যতটা তাড়াতাড়ি করে সে চাটতে পারে।

8 ওহ, আমার, আমি একটি পুরানো সময়ের পবিত্র আত্মার সভার কথা ভাবছিলাম, যখন আমরা বালতিটি খুলে, আমাদের হাতটি বয়ামের মধ্যে রেখে চাটতে থাকি। শুধু চালিয়ে যান, আপনারা জানেন, শুধু চাটতে থাকুন।

9 আর আপনারা কি জানেন মজার বিষয়টি কি ছিল, যদিও ? সেই ছোট বালকটি যতটা খেতে পারে, খাওয়ার পর, সে বালতিটি নামিয়ে রেখে সেখান থেকে পালিয়ে যায়। আপনারা কি জানেন ? মা ভাল্লুক এবং অপর ছোট ভালুকটি তাকে চাটতে শুরু করে, মধু খাওয়ার জন্য।

10 তাই, ঠিক আছে, হয়তো আমাদের সভা সেই ক্রম অনুসারে

হবে, আমি আশা করি, যাতে আমরা অন্যদের বলতে পারি, এবং ঈশ্বরের মহিমা আমাদের উপর নেমে আসে। ঠিক আছে।

11 আমি ছোট বাচ্চাদের বাইরে দেখে আনন্দিত। আমি আপনাকে এমন কিছু বলতে চাই। আর হয়তো আগামীকাল বিকেলে, আমাদের কাছে আরও সময় থাকবে, আর—আর আমরা আরও কিছু কথা বলতে পারব। আর আমরা এখন বাবা এবং মায়ের সাথে কিছু কথা বলব।

12 আমরা *ভৌতিক বিদ্যা* নিয়ে কথা বলতে যাচ্ছি। গীতসংহিতা ১০৩:১ থেকে ৩, আমরা এই পদগুলি পাঠ করব। বেশিরভাগ সেবক এবং পাদ্রি, অথবা বাইবেল পাঠক, তাদের সেটি মুখস্ত রয়েছে।

> *হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর: হে আমার অন্তরস্থ সকল, তাঁহার পবিত্র নামের ধন্যবাদ কর।*
>
> *হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর, তাঁহার সকল উপকার ভুলিয়া যাইও না:*
>
> *তিনি তোমার সমস্ত অধর্ম্ম ক্ষমা করেন; তোমার সমস্ত রোগের প্রতীকার করেন;*

13 আমি চাই আপনারা সেখানে লক্ষ্য করুন, এটি একটি "সমস্ত" ছিল। "তিনি তোমার সমস্ত অধর্ম্ম ক্ষমা করেন, তোমার সমস্ত রোগের প্রতীকার করেন।" এখন আমরা কি কিছুক্ষণ মাথা নত করতে পারি।

14 এখন, স্বর্গীয় পিতা, আমরা আজ বিকেলে আপনাকে ধন্যবাদ জানাই, এখানে উপস্থিত থাকার জন্য। আমরা আপনাকে ধন্যবাদ জানাই এই ছোট বাচ্চাদের জন্য যারা পাশে বসে রয়েছে, তারা আগামীকালের পুরুষ, ও মহিলা, যদি আগামীকাল থাকে, যদি যীশু দেরি করেন। আর এখন, পিতা, আমরা প্রার্থনা করি যে—যে আপনি এখন আমাদের আশীর্বাদ করবেন যখন আমরা এখন আপনার বাক্য নিয়ে কথা বলি, আর আমাদের শত্রু, শয়তানের বিষয়ে। আমরা প্রার্থনা করি, ঈশ্বর, আপনি আমাদের একটি যুদ্ধের সম্মুখভাগ স্থাপন হতে দেবেন, এখানে একটি যান্ত্রিক ইউনিট, ঈশ্বরের শক্তি, যা আজ রাতে শয়তানের স্থানের প্রতিটি ইঞ্চিতে তাকে প্রতিরোধ করবে, প্রভু, এবং তাকে দেখাবে যে তার কোন আইনি অধিকার নেই, যে খ্রীষ্ট আমাদের পক্ষ হয়ে কালভেরীতে তাকে পরাজিত করেছিলেন, যখন তিনি মারা যান, আর তিনি শয়তানের রাজত্ব লুণ্ঠন করেছিলেন এবং তার সমস্ত—সমস্ত শক্তি কেড়ে নিয়েছিলেন। আর, ঈশ্বর, এখন আমাদের জ্ঞান এবং বোধ প্রদান করুন, জানার জন্য এবং লোকদের ব্যাখ্যা করার জন্য, যাতে

তারা জানতে পারে কিভাবে সুস্থ হতে হবে এবং শয়তানকে পরাজিত করতে হবে। যীশুর নামে আমরা প্রার্থনা করি। আমেন।

15 এখন কয়েক মিনিটের জন্য আমরা *ভৌতিক বিদ্যা* উপর কথা বলতে যাচ্ছি। আপনারা ভূত সম্পর্কে অনেক শুনেছেন। এখন, আগামীকাল বিকেলে আমরা সম্ভবত শেষ করব। আমি এই সপ্তাহের দুই দিন চেয়েছিলাম, যেভাবেই হোক, এই বিষয়ে প্রচার করার জন্য, শুধু...অথবা দুই দিন, বিকালের সভার জন্য, এই বিষয়ে কথা বলতে।

16 এখন, প্রথম বিষয়, ভূত কি। আপনারা অনেক লোককে ভূত সম্পর্কে কথা বলতে শুনেছেন। ঠিক আছে, এখন, একটি "ভূত, শয়তান," সব একটি শব্দ থেকে এসেছে, আর ইংরেজিতে এটাকে বলা হয় "যন্ত্রণাদাতা।" একজন ব্যক্তি যে যন্ত্রণা দেয় সে হল শয়তান, একজন মন্দ ব্যক্তি। সে বলে...এখন, বাইবেল আজ, বেশিরভাগের কাছে, অনেক লোকের কাছে, কোন পুরানো বই যা পিতামহ এবং পিতামহী পাঠ করেন, অথবা এইরকম কিছু। "এতে অনেক কিছু নেই, এটি বৃদ্ধ লোকদের জন্য ইত্যাদি।" কিন্তু সেটা ভুল। এটা সবার জন্য। আর ভূত হল যন্ত্রণাদায়ক যারা আমাদের যন্ত্রণা দেয়।

17 এখন, সেখানে ভূত রয়েছে যা মানুষের আত্মায় আসে, আর সেটা হল, বাক্যতত্ত্বে, সেটা হবে—সেটা হবে...আমি এটা বলব, যদিও, আত্মার মধ্যে যে ভূত আসে সেটা এমন কিছু যা আত্মাকে যন্ত্রণা দেয়।

18 অনেক সময় আপনি একজন ব্যক্তিকে পাগল হতে দেখতে পারেন। এখন, তারা এখনও একজন ধর্মান্তরিত ব্যক্তি হতে পারেন, পবিত্র আত্মায় পূর্ণ, এবং এখনও সম্পূর্ণ উন্মাদ হতে পারেন। দেখুন ? সেটা ঠিক। প্রাণের সাথে এর কোন সম্পর্ক নেই। এটি একটি যন্ত্রণাদায়ক, দেখুন, এমন কিছু যা তাদের যন্ত্রণা দেয়।

19 এখন, সমস্ত অসুস্থতা, আমাদের প্রথমে খুঁজে বের করতে হবে যে সমস্ত অসুস্থতা শয়তান থেকে এসেছে। ঈশ্বর অসুস্থতার রচয়িতা নন। ঈশ্বরের কাছ থেকে কোন অসুস্থতা আসে না। ঈশ্বর কখনও কখনও শয়তানকে আপনার উপর অসুস্থতা নিয়ে আসার অনুমতি দেন, আপনাকে ঈশ্বরের ঘরে ফিরিয়ে আনার জন্য চাবুক হিসাবে, যখন আপনি অবাধ্য হন। কিন্তু অসুস্থতা, এর শুরুতে, শয়তানের কাছ থেকে আসে। আপনি কি কল্পনা করতে পারেন যে একজন ব্যক্তি বিশ্বাস করবেন যে ঈশ্বর, আমাদের স্বর্গীয় পিতা, অসুস্থতা

এবং মৃত্যুর মতো একটি বিষয়ের রচয়িতা হবেন? না, তিনি নন, কখনও ছিলেন না, কখনও হবেন না। ঈশ্বর অবাধ্যতার কারণে মৃত্যুর অনুমতি দেন। ঈশ্বর মৃত্যুর অনুমতি দেন। একজন লেখক যেমন বলেছেন, "মৃত্যু যা কিছু করতে পারে, ঈশ্বর এটিকে একটি বগিতে নিয়ে এবং এটি আমাদের ঈশ্বরের উপস্থিতিতে টেনে নিয়ে আসে, একজন বিশ্বাসী।" কিন্তু *মৃত্যু* শব্দের অর্থ হল "বিচ্ছেদ।"

20 যীশু বলেছেন, "যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে।" আর তিনি বলেছেন, "আমিই পুনরুত্থান ও জীবন, যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে, আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না।" আর আমরা আমাদের সেই নিষ্ঠুর কবরের ভিতর একে অপরের মৃতদেহ বন্দী করি। "কিন্তু সে কখনও মারা যাবে না।"

21 এখন আপনি যদি লক্ষ্য করেন, যখন তিনি লাসার সম্পর্কে বলেছিলেন, তিনি বলেছিলেন, "লাসার নিদ্রা গিয়াছে।"

22 শিষ্যরা, আমাদের মতো মানুষরা, তারা বললেন, "ওহ, সে যদি নিদ্রা গিয়া থাকে, তবে রক্ষা পাইবে।" "তিনি বলতে চেয়েছিলেন, বিশ্রাম নিচ্ছেন," তারা যা ভেবেছিল।

23 কিন্তু তিনি এসে তাদের সাথে, তাদের ভাষায় কথা বললেন। তিনি বললেন, "'সে মরিয়াছে,' তোমরা যা বিশ্বাস কর। কিন্তু," বললেন, "আমি গিয়ে তাকে জাগাই, তাকে জাগাই।" দেখুন? দেখুন? যখন আপনি...

24 *মৃত্যু* মানে "পৃথকীকরণ।" এখন, যদি আপনাদের মধ্যে একজন, আপনার পরিবারের কেউ মারা যান, অথবা অন্য কেউ, তিনি, যদি তিনি ধর্মান্তরিত হন, তারা মৃত নয়। তারা মানবিক দৃষ্টিকোণ থেকে মৃত। কিন্তু তারা আমাদের থেকে বিচ্ছিন্ন হয়েছে, কিন্তু তারা ঈশ্বরের উপস্থিতিতে আছেন। তারা মরেনি, আর তারা মরতে পারেন না, তাদের পক্ষে মারা যাওয়া অসম্ভব। যীশু বলেছেন, "যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে, এবং বিচারে আনীত হয় না, কিন্তু সে মৃত্যু হইতে জীবনে পার হইয়া গিয়াছে।" তাই, তার মৃত্যু হতে পারে না। যা কিছু অমর, অনন্ত, তা বিনষ্ট হতে পারে না। এটা অবিনশ্বর জীবন। সে এটা পেয়েছে কারণ ঈশ্বর তাকে এটা দিয়েছেন। এবং মেধাগতভাবে নয়—নয়; এটা সঙ্গে... এটা নিঃশর্তে। ঈশ্বর তাকে এটা দেন।

25 ঈশ্বর ডাকেন। কোন মানুষ ঈশ্বরের কাছে আসতে পারে না, যতক্ষন না ঈশ্বর তাকে ডাকেন। যীশু বলেছেন, "পিতা আকর্ষণ না করিলে কেহ আমার কাছে আসিতে পারে না।" সেটা ঠিক? তাই এটি সর্বোপরি ঈশ্বর। হয়তো আগামীকাল বিকেলে আমরা এই বিষয়ের উপর আরও কিছু সময় নিব, কারণ আমি আপনার কাছে এই *রোগের* বিষয়টি আনতে চাই, যাতে আপনি এটি দেখতে পান।

26 একটি সময় ছিল যখন আমরা আমাদের প্রপিতামহের মধ্যে অঙ্কুরিত হয়ে যাই। আপনারা সেটা জানেন। ডাক্তার সেটা জানেন। ঠিক আছে, আপনারাও জানেন, আপনারা বাইবেল পাঠকেরা। আপনি জানেন জীবনের জীবাণু আপনার প্রপিতামহের মধ্যে শুরু হয়েছিল, একটি জীবাণু হয়ে উঠতে, আর আপনার পিতামহের মাধ্যমে বেরিয়ে আসে, তারপরে আপনার পিতার কাছে, তারপরে আপনার মায়ের কাছে এবং আপনি এখন যেখানে আছেন। সেটা ঠিক। শাস্ত্র এমনকি তা শিক্ষা দেয়। আপনি যদি চান তবে এখানে আপনার জন্য বাক্য রয়েছে। আমি বিশ্বাস করি, এটা বলে যে লেবি দশমাংশ প্রদান করেছিলেন, যখন তিনি অব্রাহামের কটিদেশে ছিলেন, যিনি তার প্রপিতামহ ছিল। সেটা ঠিক? সুতরাং, দেখুন, জীবাণু সেখানে ফিরে আসে।

27 কিন্তু তোমাদের প্রাণ জগৎপত্তনের পূর্বে গঠিত হয়েছিল, যখন ঈশ্বর তাঁর নিজের সাদৃশ্যে মানুষকে সৃষ্টি করেছিলেন; মানুষের আত্মা; *একজন* মানুষ তাঁর নিজের সাদৃশ্যে নয়, কিন্তু *মানুষ* তাঁর নিজের সাদৃশ্যে। দেখুন? আর তারপর তিনি তাদের পুরুষ এবং স্ত্রী তৈরী করেন, পৃথিবীর ধুলায় একজন মানুষ তৈরী করার আগে। যদি আমরা আমাদের সময় নিয়ে আজ বিকেলে একটি নেওয়ার সুযোগ পেতাম। শুধু দেখুন কিভাবে ঈশ্বর...এখন, এটি লাইনের মাঝখানে, কিন্তু, যখন আপনি দেখেন, এটা ঠিক লাইনের সঙ্গে উঠে আসে। দেখুন? কিভাবে সেই ঈশ্বর, আদিতে, তিনি সেখানে কি করেছিলেন, তিনি কীভাবে পৃথিবীতে চলে আসেন এবং কীভাবে তিনি মানুষকে তাঁর সাদৃশ্যে তৈরি করেছিলেন; আর তারপর ঈশ্বর ঘুরে দাঁড়ান এবং মানুষের সাদৃশ্যে চলে আসেন, মানুষকে উদ্ধার করার জন্য।

28 এখন, যখন ঈশ্বর মানুষকে তাঁর রূপে তৈরি করেছিলেন, তখন তিনি একজন আত্মিক মানুষ ছিলেন। আর তখন মাটি চাষ করার জন্য কোন লোক ছিল না। তারপর তিনি মাটির ধুলো থেকে মানুষকে সৃষ্টি করলেন। এখন, কালানুক্রমিক, এবং আরও অনেকে, এই লোকেরা যারা অনুসন্ধান করে এবং পুরানো হাড়গুলি খুঁজে পায়,

ইত্যাদি, এবং বিবর্তনে বিশ্বাস করে...আমি সঠিক ধরণের বিবর্তনে বিশ্বাস করি। মানুষ নিজের থেকে বিবর্তিত হয়, কিন্তু সব এক কোষ থেকে নয়। না, মহাশয়, কারণ একটি—একটি পাখি তখন থেকেই পাখি রয়েছে, যখন থেকে ঈশ্বর তাকে পাখি বানিয়েছেন, আর একটি বানর, একটি বানর রয়েছে, একজন মানুষ, মানুষ রয়েছেন। সেটা ঠিক।

29 এখন, আমি কিছুক্ষণ আগে এখানে একজন ডাক্তারের সঙ্গে কথা বলছিলাম, লুইসভিলে। তিনি বললেন, "কেন, রেভারেন্ড ব্রানহাম!" আমি আফ্রিকার আদিবাসীদের সম্পর্কে কথা বলছিলাম, তারা কীভাবে খায়, সেখানে গিয়ে...ওহ, কিছু ভয়ঙ্কর জিনিস যা আপনি কখনও দেখেছেন, তারা যেভাবে খায়! কিছু দূষিত জিনিসগুলি তুলে নেয়, শূককীট যুক্ত, তাদের ঝেড়ে ফেলে দিয়ে, শূককীট ইত্যাদি। তাদের জন্য কোন পার্থক্য হয় না। দেখুন? তারা বলেছিলেন...যে কোনো কিছু পান করে, এটা কি তাতে কিছু যায় আসে না। তিনি বললেন, "কিন্তু, রেভারেন্ড ব্রানহাম, তারা মানুষ নয়।"

আমি বললাম, "ওহ, হ্যাঁ, তারা। তারা নিশ্চয়ই মানুষ।"

30 আমি বললাম, "একটি শিম্পাঞ্জি হল মানুষের সবচেয়ে কাছের জীব, পশুর সারিতে। আর আপনারা চার হাজার বছর ধরে চেষ্টা করেছেন, সেই শিম্পাঞ্জিকে কথা বলানোর জন্য, কিন্তু সে তা করতে পারেনি," আমি বললাম, "কারণ সে ভাবতে পারে না। তার চিন্তা করার কিছু নেই।" ওহ, আপনি তাকে ঘোড়ার মতো ছোট ছোট বিষয়গুলি শিখাতে পারেন, ডানে-বামে, অথবা চশমা পরাতে পারেন, অথবা সিগারেট খাওয়া, অথবা সাইকেলে ভারসাম্য বজায় রাখা, ঘোড়ায় চড়া, অথবা এইরকম কিছু, কিন্তু ঠিক যেমন একটি ঘোড়ার কাছে "ডানে" এবং "বামে", অথবা কুকুরের কাছে "হুয়িট", অথবা এইরকম কিছু। আমি বললাম, "সে একটি পশু।"

31 "কিন্তু আপনি আমাকে আফ্রিকাতে ফিরে যেতে দিন, তাদের কাছে সবচেয়ে বন্য উপজাতির কাছে, আর সেটা হল বুসমেন এর ছোট্ট উপজাতি।" আর আমি বললাম, "সম্ভবত তার প্রপিতামহ কখনও একজন সাদা মানুষ দেখেননি অথবা কিছুই দেখেননি। একমাত্র জিনিস যা তিনি জানেন, তিনি এমনকি জানেন না কোনটি ডান এবং বাম হাত। একমাত্র জিনিস যা তিনি জানেন তা হল খাওয়া, আর তিনি যা খেতে পারেন তা খেয়ে থাকেন, এটি মানুষের মাংস হউক, অথবা অন্য কিছু, তার জন্য এতে কোন পার্থক্য নেই, তাই সে তা খেয়ে থাকে। কিন্তু আমাকে তাকে পাঁচ বছর বয়সে গ্রহণ

করতে দিন, আর পনেরো বছর বয়সে সে ভালো ইংরেজি বলতে পারবে এবং ভালো শিক্ষা লাভ করবে। কেন? তার একটি প্রাণ আছে। ঈশ্বর তাকে একজন মানুষ বানিয়েছেন, আর তার সুসমাচার শোনার অধিকার আছে, অন্তত একবার, যেমন আমরা এখানে প্রচার করেছি, পুরো আমেরিকায়, মানুষের কাছে, বারবার বারবার, এবং অনুরোধ করেছি, অনুপ্রাণিত করেছি এবং সবকিছু। তাকে এটি একবার শুনতে দিন, আর তাকে চিৎকার করে দ্রুত বেদীর কাছে দৌড়ে আসতে দেখুন।" দেখুন? হ্যাঁ, মহাশয়!

32 এটাই আমার হৃদয়, ভাই, আজ, যখন আমি আফ্রিকার কথা ভাবি, আর তাদের ছোট কালো হাত উপরে তুলে, বলেন, "ভাই ব্রানহাম, যীশুর বিষয়ে আরও একবার!" ওহ, করুণা! আমার মধ্যে কিছু আছে খনন করছে এবং জ্বলছে। যত তাড়াতাড়ি আমি যথেষ্ট টাকা সংগ্রহ করি, আর আমিও সেখানে যাই। আমি যে পয়সা পাই তা দিয়ে আমি এটাই করি, সবকিছু, ঈশ্বর জানেন, আমি যা খাই তা ব্যতিরেকে। আর অধিকাংশ কাপড় লোকেরা আমাকে দেন। আর আমি যা দিয়ে বাঁচতে পারি, নিজের জন্য, যতটা আমি পারি, আমি এটি সরাসরি একটি ধর্মপ্রচারক তহবিলে নিক্ষেপ করি যা সরকার ব্যবস্থা করেছে। আমি এর উপর আয়করও দিই না। তিন বা চার, পাঁচ হাজার ডলার তোলার জন্য, আর আমি সেখানে চলে যাই এবং লোকদের কাছে সুসমাচার প্রচার করি যা আমি জানি সেই দিন আমাকে উত্তর দিতে হবে। আর আমি কিসের জন্য উত্তর দিব তা আমি জানব।

33 আমি, যখন আমি একটি শহরে যেতাম, আমি একটি বড় সভা করতাম যখন তাদের কাছে প্রচুর টাকা ছিল, আর তাদের কাছে বড় সভা রয়েছে এবং হাজার হাজার ডলার, আমি এটি রেড ক্রসকে দিয়ে দিই ইত্যাদি। এখন, এখন, তাদের কাছে কোন অপবাদ নয়, কিন্তু একটি চার-হাজার ডলারের গাড়িতে করে রাস্তায় নেমে আসছে, একটি বড় হীরার দণ্ড নিয়ে, একটি সিগার পান করে, আর সপ্তাহে পাঁচশ ডলার সেই টাকায় যা অসুস্থ মানুষ-...না, মহাশয়! না, সত্যিই! আর এইগুলির উপর, আর আপনি শহর থেকে বের হওয়ার সাথে সাথে, তারা বলেছিল, "পবিত্র রোলার্স," এবং এই জাতীয় সবকিছু, আর মজা করছিল, আর আমরা যে ধর্মের জন্য দাঁড়িয়ে আছি তাকে ধ্বংস করছিল। না, মহাশয়!

34 আমি নিজে এটা নিই, আর ঈশ্বরের সামনে, আমার বিচারক হিসাবে, আমি এটা সুসমাচারের কাজে দিয়েছি, তাই আমি জানি যে সেই দিন আমি...যখন আমাকে আমার দায়িত্বের জন্য একটি হিসাব

দিতে হবে, এটি সঠিকভাবে দেওয়া হয়েছে। এটা একদম ঠিক, কারণ আমি বুঝতে পারি যখন আমি লোকদের সাথে আচরণ করি আমি ঈশ্বরের সাথে আচরণ করি। আপনার প্রতি আমার মনোভাব হল খ্রীষ্টের প্রতি আমার মনোভাব। আর আমার প্রতি আপনার মনোভাব একই জিনিস, এটা ঠিক, খ্রীষ্টের প্রতি।

35 এখন, এইরকম একজন ব্যক্তিকে দেখে, এবং এই দেখে কিভাবে একজন মানুষ, একটি অমর প্রাণ নিয়ে, সে মারা যেতে পারে না, বিনষ্ট হতে পারে না, অনন্ত জীবন প্রাপ্তি ছাড়া কিছুই করতে পারে না, যে ঈশ্বর সার্বভৌমভাবে, তাঁর নিজের ইচ্ছায়, এটি আপনাকে দিয়েছেন। আর এখন, তারপর, এখন আমি...

36 আমাকে এটিকে একটু সংশোধন করতে দিন, অথবা কিছু বলতে দিন। কেউ দূরে গিয়ে বলবে, "ভাই ব্রানহাম একজন ক্যালভিনবাদী।" না, আমি নই। আমি একজন ক্যালভিনিস্ট, যতদূর বাইবেলে ক্যালভিনিস্ট রয়েছে। কিন্তু যখন ক্যালভিনিস্ট বাইবেল থেকে বেরিয়ে যায়, তখন আমি একজন আর্মিনিয়ান, দেখুন। আমি হোলিনেসে বিশ্বাস করি এবং আমি ক্যালভিনিস্টেও বিশ্বাস করি। কিন্তু, তারা উভয়ই, একজন অঙ্গে হয়ে *এই* পথে চলে যায়, আর একজন অঙ্গে হয়ে *ওই* পথে চলে যায়। যদি এটি ইফিষীয় পুস্তকের জন্য না থাকত, এটিকে ফিরিয়ে আনার জন্য এবং এটি সঠিক স্থানে স্থাপন করার জন্য, যেখানে ঈশ্বর করেছিলেন, আমরা সকলে মিশ্রিত হয়ে যাব। কিন্তু তাদের উভয়ের একটি মতবাদ ছিল, কিন্তু তারা প্রত্যেকে এর উপর বীজ নিয়ে আসে, সেটি হোলিনেস এবং ক্যালভিনবাদীরা, আর্মিনিয়ানরাও। এখন, ক্যালভিনবাদীদের কাছে কিছু সত্য আছে। আমি বিশ্বাস করি যে—যে ক্যালভিনিস্টিক মতবাদ...

37 আমি এটা বিশ্বাস করি। সুরক্ষায়, আমি বিশ্বাস করি মণ্ডলী চিরকালের জন্য সুরক্ষিত। বাইবেলের যে কোন পাঠক জানেন যে, কারণ ঈশ্বর বলেছেন যে এটি নির্দোষভাবে প্রদর্শিত হবে। সেটা ঠিক? তারপর, এটা সেখানে হতে যাচ্ছে। এটা কি ঠিক? বাই-... মণ্ডলী চিরকালের জন্য সুরক্ষিত। এখন, আপনি কি মণ্ডলীতে আছেন, এটি পরের বিষয়। আপনি যদি মণ্ডলীতে থাকেন, ঠিক আছে, আপনি মণ্ডলীর সঙ্গে সুরক্ষিত, কিন্তু আপনার মণ্ডলীতে থাকা ভালো। আর আপনি কিভাবে মণ্ডলীতে প্রবেশ করবেন? করমর্দন করে? না। বইয়ে আপনার নাম লিখে? না, মহাশয়। "এক আত্মায় আমরা সকলে এক দেহে বাপ্তাইজিত হই।" আর সেই দেহ, ঈশ্বর কালভেরীতে বিচার করেছিলেন, যীশু খ্রীষ্টের দেহ ছিল, এবং

আমরা সেই দেহে এক আত্মার দ্বারা বাপ্তাইজিত হয়েছি। যতক্ষণ আমরা খ্রীষ্টের দেহে আছি ততক্ষণ আমাদের অনন্ত নিরাপত্তা আছে, কিছুই আমাদের পৃথক করতে পারে না, কিছুই আমাদের স্পর্শ করতে পারে না। আপনি যদি বাইরে যান, আপনি নিজের ইচ্ছায় বাইরে যান। ঠিক যেমন নিশ্চিত, আপনি যদি খ্রীষ্টের দেহে থাকেন, যেমন যীশু মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন, আপনিও নিশ্চিত পুনরুত্থিত হবেন। ঈশ্বর ইতিমধ্যেই তা করেছেন। তিনি...

38 আপনি পাপ করতে পারেন না। ওহ, আপনি করেন...আমি আপনার দৃষ্টিতে পাপী হতে পারি, কিন্তু যদি আমি খ্রীষ্টে থাকি, ঈশ্বর এটা দেখেন না, কারণ তার পাপ প্রায়শ্চিত্ত...তার রক্ত সেখানে আমার পাপের প্রায়শ্চিত্ত করে। দেখুন ? আমি পাপ করতে পারি না। "যে ঈশ্বর হইতে জাত, সে পাপ করিতে পারে না, কারণ সে পাপ করিতে পারে না। ঈশ্বরের বীজ তার মধ্যে থাকে।" দেখুন ? সে, সে করতে ইচ্ছুক, যদি সে ভুল করে, অবশ্যই, সে এটি স্বীকার করতে ইচ্ছুক। যদি সে একজন প্রকৃত খ্রিস্টান হয়, তবে সে এটি করবে। প্রথম স্থানে, যদি সে এটা ধরে রাখে, সে দেখায় তার কাছে কিছুই নেই। সেটা ঠিক। শুরু করার জন্য, তার কাছে কিছুই নেই। কিন্তু সে যদি একজন প্রকৃত খ্রিস্টান হয়...

39 ঠিক এখানে, আপনি মাটিতে গমের একটি দানা রোপন করুন, এটি সর্বদা গমের একটি দানা নিয়ে আসবে। এর চারপাশে আগরা গাছ থাকতে পারে, এবং অন্য সবকিছু, কিন্তু এটি গমের একটি দানা হবে যতক্ষণ এটি দাঁড়িয়ে থাকে। সেটা ঠিক ? আর যদি একজন মানুষ সত্যিই ঈশ্বরের আত্মা দ্বারা জন্মগ্রহণ করেন, তবে তিনি ভিতরে এবং বাইরে, সামনে এবং পিছনে নন, এবং পৃথিবীর বাইরে এবং এখানে বাইরে। না, মহাশয়। না, না। আপনি একদিন আগরা আর পরের দিন গমের দানা নন। ঈশ্বরের শস্যক্ষেত্রে এটা নেই। হ্যাঁ, মহাশয়। আপনি যদি ঈশ্বরের আত্মা দ্বারা জন্মগ্রহণ করেন, আপনি সেই সময় থেকে একজন খ্রিস্টান...যতক্ষণ না আপনি চলে যান, আর তখন আপনি—আপনি অবিনশ্বর, ঈশ্বরের সঙ্গে। সেটা ঠিক, আপনি যদি মণ্ডলীতে থাকেন।

40 এখন, এখন মৃত্যুর দিক সম্পর্কে কথা বলা যাক। এখন, কিভাবে সেই অবস্থায় একজন ব্যক্তি, এই ধরনের অবস্থায়, কখনও অসুস্থ হতে পারেন ? কারণ আপনার শরীর এখনও মুক্তি পায়নি। আপনার শরীর মুক্তি পায়নি। আপনি কতটা, কতটা ভালো, কতটা শুদ্ধচরিত্র, কতটা পবিত্র, কতটা পবিত্র আত্মা পেয়েছেন তাতে কিছু যায় আসে না, সেটা শুধুমাত্র আপনার প্রাণ। আর আপনার প্রাণ এখনও সম্পূর্ণ

হয়নি। এটা শুধু আশীর্বাদ পেয়েছে, ঈশ্বরের প্রতিশ্রুতি, যা আমাদের পরিত্রাণের জন্য আন্তরিক। কিন্তু এখন যদি আমাদের পুনরুত্থানের জন্য কোন আন্তরিকতা না থাকে, কোন ঐশ্বরিক আরোগ্যকরণ না থাকে, তখন আমার কাছে কোন আশ্বাস থাকবে না বা আমার কাছে প্রমাণ করার জন্য কিছুই থাকবে না যে পুনরুত্থান আছে।

41 ঠিক যেমন খ্রীষ্ট যদি আমার হৃদয়ে বাস না করেন, যদি আমাকে এটা কোন একটি—একটি মনস্তাত্ত্বিক বিষয় থেকে নিতে হয়, এরকম কোথাও বিশ্বাস করতে হবে, ঠিক আছে, তাহলে আমি—আমি—আমি এটা নিয়ে একটু সন্দেহবাদী হব। আর সেই কারণেই, আফ্রিকায়, যখন তারা আসে, এখানে ধর্মপ্রচারকরা আসেন, সেই হাজার হাজার স্থানীয়দের নিয়ে আসেন, আর তারা ছোট ছোট মাটির মূর্তি এবং অন্য সবকিছু নিয়ে আসে, কারণ তারা সবেমাত্র বাইবেলের মানসিক দিক শুনেছিল। সেটা ঠিক। আর আমার নিজের মণ্ডলী ব্যাপটিস্ট, মেথডিস্ট, প্রেসবিট্যারিয়ান, যারা সেখানে গিয়েছিল। কিন্তু যখন তারা ঈশ্বরের শক্তিকে প্রদর্শিত হতে দেখে, যা এটির নিষ্পত্তি করে, তখন তারা জানতে পারে যে ঈশ্বর হলেন ঈশ্বর।

42 কিন্তু, এখন, এই অসুস্থতা কে শুরু করে ? এখন, প্রথম বিষয়, একটি রোগ হওয়ার আগে এটি একটি আত্মা, মানুষ হওয়ার আগে আপনি যেমন আত্মা ছিলেন ঠিক একই রকম। এখন আমি এখানে একটি উদাহরণ হিসাবে ভাই উইলেটকে নিতে যাচ্ছি। ভাই উইলেট, আমি...একটা সময় ছিল যখন আপনি আর আমি কিছুই ছিলাম না। আর তারপর প্রথম বিষয়, ঈশ্বর আমাদের একটি জীবন দিয়েছেন। আর আসুন, যেমন, যদি আমি আজ বিকেলে আপনার দেহটি নিয়ে কথা বলি, আপনি একগুচ্ছ কোষ দ্বারা গঠিত, পরমাণুর দ্বারা একত্রিত। আর এখন, একদিন সেই পরমাণু ধ্বংস হয়ে যাবে, যদি যীশু আসতে দেরি করেন। আপনি ফিরে যাবেন। তারা শুরুতে যেমন ছিল ঠিক তেমনই হয়ে যাবে, বাতাসে ফিরে যাবে। কিন্তু যখন আপনার আত্মা ফিরে আসবে, সেই পরমাণুগুলি এই আত্মার সাথে পুনরায় একত্রিত হবে এবং সেই ব্যক্তির মতো আরেকজন ভাই উইলেটকে নিয়ে আসবে, শুধুমাত্র যুবক রূপে, যখন তিনি তার শ্রেষ্ঠ অবস্থায় ছিলেন।

43 যখন একজন মানুষের বয়স প্রায় পঁচিশ বছর অতিক্রম করে, সে তার চোখের নিচে কয়েকটি বলি দেখতে পায়, এবং কিছু ধূসর চুল চলে আসে। এটা হতে যাচ্ছে, কারণ মৃত্যু আপনার পিছনে আছে। আর কোন একদিন এটি আপনাকে নিয়ে যাবে। আপনি যেই

হোন না কেন, এটা আপনাকে নিয়ে যাবে। কিন্তু এটা ধীরে ধীরে... আপনি এখানে এক কোণে চলে আসবেন, আর ঈশ্বর আপনাকে সেই কোণ থেকে বের করে আনবেন, আর আপনি *এখানে* এই কোণে চলে আসেন, মৃত্যু প্রায় আপনাকে গ্রহণ করে, আর এখানে, কিন্তু কিছুক্ষণ পরে এটি আপনাকে গ্রহণ করবে। কিন্তু তখন, মৃত্যু কি করতে পারে, এটি তার সম্পূর্ণ কর নেয়, আর তারপর...যখন সে যা করতে পারে তা করে ফেলে...যখন ঈশ্বর আপনাকে এই জীবন দিয়েছেন, আর আপনি আপনার যৌবন অবস্থায় ছিলেন, প্রায় তেইশ বছর বয়সে, যখন আপনি পুনরুত্থানে আসবেন আপনি ঠিক আপনার সেই রূপেই ফিরে আসবেন যখন আপনার বয়স তেইশ, পঁচিশ বছর ছিল, মৃত্যু চলে আসার আগে। মৃত্যু যা করতে পারে তার সবকিছুই করবে। এটা সেখানে রয়েছে, কিন্তু আপনি ঠিক যেভাবে ছিলেন সেভাবে ফিরে আসবেন।

44 এখন, যদি আপনার শরীরের প্রতিটি—প্রতিটি কোষ, এখন এটিকে খুলে নেওয়া যাক, আপনি কোষের পর কোষে আসেন, কোষের পর কোষে আসেন, এবং এটিকে এখানে যদি প্ল্যাটফর্মে আলাদা করে রাখেন, আপনার শরীরের প্রতিটি কোষ, আপনি একটি ছোট জীবাণুতে চলে আসবেন, যেখান থেকে আপনি শুরু করেছিলেন, প্রাকৃতিক চোখে দেখা যাবে না। আপনাকে অণুবীক্ষণ যন্ত্র দিয়ে দেখতে হবে। আমি একটি অণুবীক্ষণ যন্ত্রের নীচে জীবনের জীবাণু দেখেছি। এটি একটি ছোট্ট সুতার মতো দেখায়। আর প্রথম জিনিসটি ঠিক মেরুদণ্ডে শুরু হয়, এটি একটি ছোট গিঁটের মতো। এটি প্রথম ছোট কোষটি, একটি কোষের উপরে জমা হয়।

45 এখন, যদি আমাকে সেই একটি ছোট কোষ নিতে হয় যেখান থেকে আপনারা প্রত্যেকে এসেছেন, একটি ছোট্ট কোষ, জীবাণু... একটি জীবাণু কি? একটি জীবাণু হল একটি ছোট অংশ, কোষের সবচেয়ে ছোট অংশ। ঠিক আছে, এর পরে কি? এখন, আমি আপনাকে আপনার প্রতিটি টুকরো থেকে নীচে নিয়ে এসেছি, এই একটি ছোট্ট কোষে, এবং আমি এখনও আপনাকে খুঁজে পাইনি। আমি শুধুমাত্র আপনার কোষগুলি বিছিয়ে দিয়েছি। ঠিক আছে, তাহলে, পরবর্তী বিষয়, রক্তকণিকা, এবং মাংস কোষ, এবং তারা যাই হোক না কেন, তাদের সব এখানে রেখেছি, কিন্তু আমি এখনও আপনাকে খুঁজে পাইনি। এখন, আমি এখন একটি জীবাণুর কাছে চলে এসেছি। ঠিক আছে, আমি সেই ছোট্ট কোষটি আলাদা করতে যাচ্ছি। এখন, আপনি কোথায়? আপনার জীবন। আর জীবন প্রথম কোষটি তৈরি করে, যা একটি জীবাণু, তারপর তার প্রকৃতির

অনুসারে সবকিছু হয়; কুকুরের অনুসারে কুকুর, পাখির অনুসারে পাখি, মানুষের অনুসারে মানুষ। কোষের বিকাশ, কোষের উপর কোষ, কোষের উপর কোষ, আপনি যেমন আছেন সেখানে চলে আসেন, মানুষ, কোষের বিকাশ। এখন, এরকম হওয়া ঈশ্বরের দ্বারা নির্ধারিত ছিল।

46 কিন্তু, এখন, একটি ক্যান্সারের বিষয়ে কি ? আসুন তার সম্পর্কে একটু কথা বলি। এখন, ঈশ্বর আপনাকে আপনার জীবন দিয়েছেন। আর ধরুন, আপনি আজ এখানে আছেন, আমি এখানে আছি, সেখানে—সেখানে আমার হাতে কিছুই নেই, কিন্তু একসময় আমার হাতে ক্যান্সার হতে পারে। আচ্ছা, সেই ক্যান্সার সেখানে কিভাবে এল ? দেখা যাক সেই ক্যান্সার কি, এখন তাকে আলাদা করা যাক, আসুন এই বিষয়ে কথা বলি। এখন, সেও একগুচ্ছ কোষ। আপনি কি সেটা জানেন ? টিউমার, ছানি, এই বিষয়গুলি একটি কোষগুচ্ছ। তাদের কোন রূপ নেই। তাদের মধ্যে কিছু ছড়িয়ে পড়ে, আর কিছু দেখতে মাকড়সার মতো, আর কিছু দেখতে...রেখার মতো, একটি লাল ক্যান্সার, ঠিক লম্বা লাল সুতার মতো যা ভিতরে দিয়ে যায়... আর তারপরে একটি গোলাপ ক্যান্সার হয় যা সাধারণত একজন মহিলার বক্ষে আসে, এটা প্যানকেকগুলির মত একে অপরের উপর শুয়ে থাকে, আর তারপর তারা ছড়িয়ে পড়ে। আর তারা যে কোন স্থানে বৃদ্ধি পায়।

47 কখনও কখনও টিউমার একমুখী হয়, *এই* দিকে, লম্বা, আয়তাকার, ইত্যাদি। তাদের কোন রূপ নেই, কারণ তারা এমন এক আত্মা অনুসরণ করছে যার কোন রূপ নেই। কিন্তু এটি কোষের বিকাশ। এটি একগুচ্ছ কোষ যা, ধরুন, এখন আপনার একটি টিউমার অথবা ক্যান্সার রয়েছে, এটি কোষগুলির বিকাশ করছে, ক্রমবর্ধমান, ক্রমবর্ধমান, ক্রমবর্ধমান। এটি খাচ্ছে, আপনার জীবন আপনার কাছ থেকে চুষে খাচ্ছে। এটা রক্তের প্রবাহে বাস করছে। ছানি চোখের শ্লেষ্মা নিয়ে যায় এবং এর ঠিক উপরে বৃদ্ধি পায়, নিজেকে ঢেকে রাখে, আপনার চোখ বন্ধ করে দেয়। তাদের মধ্যে কিছু আসে এবং কখনই পায় না...যক্ষের মতো, যা ছোট ছোট জীবাণু রুপে আসে। এর আকারের সঙ্গে কোন সম্পর্ক নেই। একই আকারের জীবাণু একটি হাতি তৈরি করে, একটি—একটি চিগার (ছোট পোকা) তৈরি করে। দেখুন ? জীবাণুর আকারের মতো নয়।

48 আর তাদের মধ্যে কিছু শরীর গঠন করে, কিছু কখনও করে না। আর কিছু কখনও কোষের মধ্যে যায় না। কিছু আত্মা হয়ে যায়, প্রাণকে যন্ত্রণা দেয়। আমরা সেই অংশটি নেওয়ার চেষ্টা করব, যদি

আমি পারি, আমি সেই অংশটি আগামীকাল বিকেলের জন্য রেখে দিব, সেই প্রাণ-আত্মা কোথায় আসে, এবং *এখানে* নিচে কিভাবে আসে।

49 আর এখন, বন্ধুরা, আমি এটা কোন মনোবিজ্ঞান থেকে বলছি না। আমি বহু বছর ধরে ভূতদের সঙ্গে মোকাবিলা করেছি, আর আপনারা সেটা জানেন। আপনি যদি কেবল বিষয়টি জানতেন, রাতে সভা শেষ হওয়ার পরে, কখনও কখনও কি হয়ে থাকে। আপনারা জানেন না। মনে রাখবেন, যখন আপনি একটি আত্মার বিরুদ্ধে আসেন, আপনি ভালো করে জানেন আপনি কি বিষয়ে কথা বলছেন। শুধু সেখানে দাঁড়িয়ে কাজ করেন না, কারণ এটি কোন ভালো কাজ করবে না। কিন্তু যখন প্রকৃতপক্ষে একটি ভূতকে আপনার কথা মানতে হয়, তখন সে তা চিনতে পারে। আপনি কত জোরে চিৎকার করছেন এটা তা নয়, আপনি কতটা তেল ঢালছেন এটা তা নয়। এখানে কি আছে সে তা চিনতে পারে, সত্যকে। যীশু তাকে শুধু বলেছিলেন, "বাইরে বেরিয়ে আয়।"

50 মনে রাখবেন, শিষ্যরা লাথি মারছিল এবং মোচড় দিচ্ছিল, এবং তাকে বের করে দেওয়ার চেষ্টা করছিল, ইত্যাদি। তারা বলেছিল, "কেন আমরা তাকে বের করে দিতে পারি নি?"

বলেছিলেন, "কারণ, তোমাদের অবিশ্বাস।"

51 বললেন, "তার থেকে বেরিয়ে আয়।" ছেলেটি পড়ে যায় এবং অচেতন হয়ে গিয়েছিল। দেখুন? দেখুন? তারা কর্তৃত্বকে বুঝতে পেরেছিল।

52 সেখানে সেই ছেলেদের দেখুন, সেই ভবঘুরেদের যারা পৌলকে শয়তানদের তাড়িয়ে দিতে দেখেছিল। তারা বলেছিল, "আমরাও একই কাজ করতে পারি," কিছু যাজকের পুত্ররা। তাই তারা সেখানে গিয়ে বলল, "আমরা শয়তানদের তাড়াতে পারি।" প্রেরিত ১৯। তারা মৃগীরোগে আক্রান্ত একজন ব্যক্তির কাছে গিয়ে বলল, "আমরা তোকে যীশুর নামে বলছি। তার থেকে বেরিয়ে আয়..." শয়তানটি বলল, "এখন..." "...যীশুর নামে, যাকে পৌল প্রচার করেন!"

53 শয়তানটি বলল, "এখন, আমি যীশুকে চিনি আর আমি পৌলকে চিনি, কিন্তু তুই কে?" আপনারা জানেন কি হয়েছিল। লোকটির উপর ঝাঁপিয়ে পড়ল, তাদের পোশাক ছিঁড়ে ফেলল, এবং তারা নিজেরাই অচেতন হয়ে পড়ে, আর রাস্তায় দৌড়ে পালিয়ে যায়।

54 সেই একই ভূত আজ আছে, তাই সেখানে প্রচুর ধর্মান্ধতা রয়েছে। এটাই মণ্ডলী, আজ সন্ধ্যায়। আজ দেশে প্রচুর ধর্মান্ধতা রয়েছে, যাকে ঐশ্বরিক আরোগ্যকরণ বলা হয়, যা বন্ধ করা উচিত। এটাই প্রকৃত কারণের উপর তিরস্কার নিয়ে আসে। এই কারণেই আপনাদের এত কঠিন সংগ্রাম করতে হয়। ধর্ম নামক অনেক বিষয় আছে, আজ, যা বন্ধ হওয়া উচিত। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।] ধর্মাচার ছাড়া আর কিছুই নয়! এর জন্যই ঈশ্বরের সত্য মণ্ডলীকে এর সাথে এত কঠিন সংগ্রাম করতে বাধ্য করে। কিন্তু আমরা আমেরিকা, দেখুন, এভাবেই এটা হতে হবে। ঈশ্বর বলেছেন গম, আগাছা এবং লতাপাতা একসাথে বেড়ে ওঠে। তাদের উপড়ে ফেলার চেষ্টা করবেন না। তাদের একত্রে বেড়ে উঠতে দিন, কিন্তু তাদের ফল দ্বারা তোমরা তাদের চিনতে পারবে। সেখানে কোন ফল নেই, কেন, কোন জীবন নেই, সেখানে কিছুই নেই।

55 এখন, এই কোষটি দেখুন। ধরা যাক, উদাহরণস্বরূপ, অনেক সময়, লাল ক্যান্সার সাধারণত একজন মহিলার গর্ভে আঘাত করে, মহিলাদের ক্ষত ইত্যাদি। এখন সেটা, ধরা যাক, সেই ব্যক্তিটি এখন, তার কোষে, এই—এই ক্যান্সার। এখন একটি ক্যান্সার...

56 প্রাকৃতিক সবকিছুর এক আধ্যাত্মিক প্রকার রয়েছে। আপনি কি সেই বিষয়ে জানেন? প্রাকৃতিক সবকিছু এক আধ্যাত্মিক প্রকার রয়েছে, নির্বিশেষে।

57 উদাহরণস্বরূপ, এইরকম, যখন—যখন আমরা খ্রীষ্টের দেহে জন্মগ্রহণ করি, আমাদের জন্মের জন্য তিনটি উপাদান লাগে। আর সেই তিনটি উপাদান খ্রীষ্টের জীবন থেকে বেরিয়ে এসেছিল, যখন তিনি মারা যান। তার শরীর থেকে জল, রক্ত, আত্মা বেরিয়ে এসেছিল। এটা কি ঠিক? তিনটি উপাদান, সেই উপাদানগুলির মধ্য দিয়ে আমরা গমন করি, যখন আমরা নতুন জন্মগ্রহণ করি: ধার্মিকীকরণ, পবিত্রকরণ, পবিত্র আত্মার বাপ্তিস্ম। এখন, এটা সব এক কার্য্যে হতে পারে। কিন্তু এটা...কিন্তু আপনি পবিত্র না হয়েও ধার্ম্মিক অবস্থায় থাকতে পারেন। আপনি প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করতে পারেন এবং এখনও আপনার মালিন্য আপনার সাথে বহন করতে পারেন। কিন্তু আপনি সম্পূর্ণরূপে ধার্ম্মিক এবং একটি পরিষ্কার পবিত্র জীবনযাপন করতে পারেন এবং পবিত্র আত্মা ছাড়াই। দেখুন, বাইবেলে, প্রথম যোহন ৫:৭, বলে, "সেখানে তিন রয়েছে যা স্বর্গে সাক্ষ্য দেয়, পিতা, পুত্র, এবং পবিত্র আত্মা, এবং... পিতা, বাক্য, এবং পবিত্র আত্মা," যিনি ছিলেন পুত্র, "আর এই তিন এক। আর পৃথিবীতে এই তিন সাক্ষ্য বহন করে, জল, রক্ত

এবং আত্মা, আর তারা একটিতে সম্মত।" এক নয়, কিন্তু একটিতে একমত। পুত্র না থাকলে আপনি পিতাকে পেতে পারেন না; পবিত্র আত্মা না থাকলে আপনি পুত্রকে পেতে পারেন না, কারণ তারা অবিচ্ছেদ্য, এক। ত্রিত্ব একের মধ্যে আছে।

58 আমি এটা এখানে শুনতে পাই না, কিন্তু আপনি সারা দেশে অনেক শুনতে পান, পেন্টিকোস্টাল গোষ্ঠীর সর্বশ্রেষ্ঠ বিষয়গুলির মধ্যে একটি, হল একটি সাধারণ বিষয় মিশ্রিত করে ফেলেছে। আর আমি তাদের মাথাদের একসাথে পেয়েছিলাম এবং তাদের কাছে প্রমাণ করেছি যে তারা উভয়ই একই জিনিস বিশ্বাস করে। এটা তাদের মধ্যে শয়তান, এটাই। যদি সেই মহান পেন্টিকোস্টাল চার্চ এ-...তাদের ছোট, পুরানো পরম্পরাকে ফেলে দেয় এবং ঈশ্বরের একটি আশীর্বাদপূর্ণ মণ্ডলীতে নিজেদেরকে একত্রিত করে, স্বর্গারোহণ আসবে। কিন্তু যতক্ষণ শয়তান তাদের ভেঙে ফেলতে পারে, ঠিক আছে। এটাই তার কাজ করার উপায়। আর তারা সম্পূর্ণরূপে একই জিনিস বিশ্বাস করে।

একজন বলে, "ঠিক আছে, *এটাই* সেটা।"

59 আমি বললাম, "ঠিক আছে, যদি *এটা* তা হয়, তাহলে সেটাই *এটা*।" তাই সেখানে এটা। সুতরাং, এটা সব একই জিনিস। কিন্তু সেখানে এটা, ঈশ্বরের সেই ত্রিত্বে। এখন, এখন, ঈশ্বর তাঁর একত্বে। ঈশ্বর পিতা, পুত্র, এবং পবিত্র আত্মা। এখন, আমরা বিধর্মীদের মতো "আমাদের ঈশ্বরগণ" বলি না। এটা "আমাদের ঈশ্বর।" দেখুন? এটা ঈশ্বরের তিনভাঁজ সত্তা।

60 এখন লক্ষ্য করুন, এখন, শয়তানও একটি ত্রিত্বের মধ্যে রয়েছে। আর তার ক্ষমতা ত্রিত্বের মধ্যে রয়েছে।

61 এখন, কিন্তু লক্ষ্য করুন যখন জল, রক্ত এবং আত্মা নতুন জন্ম উৎপন্ন করে। সেটা কি ঠিক? এখন দেখুন। সেটাই নতুন জন্মের প্রতিনিধিত্ব করে। নতুন জন্ম আসার আগে প্রাকৃতিক জন্মকে কী প্রতিনিধিত্ব করে? যখন...আপনারা মায়েরা, যখন একটি শিশুর জন্ম হয়, প্রথম বিষয় কি? জল। পরবর্তী, রক্ত। পরবর্তী, দেখুন, এটি জীবন তৈরি করে, দেখুন, ব্যক্তিকে তৈরি করে। জল, রক্ত, আত্মা।

62 এখন, একটি ক্যান্সার, আসুন পরবর্তী তার সাথে মোকাবিলা করি, আমাদের কাছে প্রায় পাঁচ মিনিট বাকি আছে, আমি অনুমান করি, পরবর্তী পাঁচ মিনিটে, আসুন ক্যান্সারের সাথে মোকাবিলা করি। সেই ব্যক্তি কি? সে কি প্রতিনিধিত্ব করে? সে একটি মৃতজীবী

প্রাণী। সে শকুনকে প্রতিনিধিত্ব করে, মৃত জিনিস খায়। আর ক্যান্সার একটি ক্ষত থেকে আসে, বেশিরভাগ ক্ষেত্রে, যেখানে একটি কোষ আঘাতপ্রাপ্ত হয় এবং এটি—এটি ভেঙে যায়। আর সেখানে একটি ছোট কোষ পিছিয়ে যায়। ওহ, এটি একজন ব্যাপটিস্টের জন্য একটি বড় শব্দ, তাই নয় কি? ঠিক আছে, কিন্তু এটি পিছনে সরে যায়, সেই কোষটি। আমি একজন ব্যাপটিস্ট যিনি পশ্চাদপসরণে বিশ্বাস করি।

63 কেউ একজন বলেছিলেন, এখানে অন্য দিন আরকানসাসের একটি সভায়, বলেছিলেন, "ভাই ব্রানহাম," বললেন...তিনি একজন নাজারিন সহকর্মী ছিলেন। তিনি সুস্থ হয়েছিলেন। তার কাছে ছিল...তার কাঁধে ক্রাচ নিয়ে, শহরে হাঁটতে যান। তিনি বললেন, "আপনি কি জানেন?" বললেন, "যখন আমি প্রথম এখানে আসি," বললেন, "আমি—আমি ভেবেছিলাম আপনি... আপনাকে প্রচার করতে শুনেছিলাম, আমি ভেবেছিলাম আপনি একজন নাজারিন।" তিনি বললেন, "তখন আমি দেখলাম অধিকাংশ লোক পেন্টিকোস্টাল, আর কেউ আমাকে বলল আপনি পেন্টিকোস্টাল। আর এখন আপনি বলছেন আপনি একজন ব্যাপটিস্ট।" বললেন, "আমি এটা বুঝতে পারছি না।"

64 আমি বললাম, "ওহ, এটা সহজ।" আমি বললাম, "আমি একজন পেন্টিকোস্টাল নাজারিন ব্যাপটিস্ট।" তাই সেটা—সেটা ঠিক। ঠিক আছে। না, আমরা খ্রীষ্ট যীশুতে এক, পবিত্র আত্মার দ্বারা আমাদের এক করে তোলে। সেটা ঠিক।

65 এখন, লক্ষ্য করুন, এই ছোট্ট কোষটি পিছিয়ে যায় যখন এটি থেঁতলে যায়। এটি ছোট থেকে শুরু হয়। অন্যান্য ছোট জীবাণু সেখানে নিজেদের জীবন দেওয়ার জন্য এগিয়ে আসে। আর সেখানেই ফোঁড়াতে পুঁজ চলে আসে। এটি সেই ছোট সৈন্যরা আপনার জীবনের জন্য লড়াই করছে। তারা সেখানে দৌড়ে যায় আর—আর সেই বিষকে আঘাত করে, সেই ভূতেদের শক্তি যা সেখানে—সেখানে একত্রিত হওয়ার চেষ্টা করছে, এবং তাদের জীবন বিলিয়ে দেয়। সেটাই তৈরি করে...সেটা...তারা একদল ছোট মৃত সৈন্য, সেই পুঁজ যা আপনার রক্তে...যে একটি—একটি ফোঁড়াতে থাকে, তারা নিজেদের জীবন দিয়ে দেয় আপনার জীবন বাঁচানোর জন্য।

66 যখন, একবার একটি ছোট কোষ সেখানে প্রত্যাখ্যান করে এবং এই শয়তানটি কাজ শুরু করে, সে বড় হতে শুরু করে, সে কোষের সংখ্যা বৃদ্ধি করতে শুরু করে। সে একটি শরীর তৈরি করে ঠিক যেমন আপনার শিশুরা আপনার গর্ভে তৈরী করে, এবং যেমন আপনি

আপনার মায়ের মধ্যে করেছিলেন। কোষের উপর কোষ, কোষের উপর কোষ, কোষ তৈরী করা শুরু করে, যে কোন ভাবে, যে কোন স্থানে; শুধু, তাদের মানুষের মতো কোন আকৃতি নেই। এটা শুধু একটি আত্মা থেকে বেরিয়ে এসেছে। এটি যে কোন ভাবে বৃদ্ধি পেতে থাকে, এবং কোষের উপরে কোষ, কোষের উপরে কোষ তৈরী করে।

67 আর এখন, প্রথম বিষয় আপনারা জানেন, আপনি দুর্বল হতে শুরু করেন এবং অসুস্থ বোধ করেন। আপনি ডাক্তারের কাছে যান এবং তিনি আপনাকে পরীক্ষা করেন। হয়তো তিনি খুঁজে পান না। যদি তিনি পান, হয়তো তিনি এটা কেটে ফেলবেন। যদি তিনি এটা পরিষ্কার করে কাটতে পারেন, ঠিক আছে, তিনি সেটা পেয়েছেন। কিন্তু যদি তিনি এটি পরিষ্কার করে কাটতে না পারেন, যদি এটি গলায় থাকে অথবা এমন কোথাও যেখানে এটি পরিষ্কার করে কাটা যায় না, এর একটি সামান্য অংশ ঠিক বেঁচে থাকবে। দেখুন, কারণ এটা করেনি, যেমন আপনি আপনার হাত কেটে ফেলেন এবং এটি নিষ্পত্তি হয়, অথবা অন্য কিছু, অথবা আপনি কেটে ফেলেন... আমি কি বলতে চাইছি, আপনি যদি মূল অংশটি কেটে ফেলেন, এবং সেখানে আপনার হাত ছেড়ে দেন, কেন, এটি বাঁচবে না। কিন্তু—কিন্তু, দেখুন, তার আপনার মতো জীবনের রূপ নেই। এটি শয়তানের একটি চলমান শক্তি।

68 আর এখন লক্ষ্য করুন, আপনি তাদের বলেন, ডাক্তার এটিকে বলেন, একটি "ক্যান্সার।" ঈশ্বর একে "শয়তান" বলেন। আজ দেখুন। তারা শুধু এটা...*ক্যান্সার* শব্দটি কোথা থেকে এসেছে? এটি এসেছে...একটি ল্যাটিন শব্দ থেকে যা চিকিৎসা পরিভাষায় ব্যবহৃত হয়, যার অর্থ একটি "কাঁকড়া," একটি কাঁকড়া যা আপনি সমুদ্রের তীরে দেখতে পান, তাদের সব পা রয়েছে। এইভাবে সে—সে এটি করে, বেরিয়ে আসে, ছড়িয়ে পড়ে। *ক্যান্সার* শব্দটি হল "কাঁকড়া।" আর এটি প্রবেশ করে এবং সেখান থেকে রক্ত চুষতে থাকে, যেমন অক্টোপাস ইত্যাদি। কেন, একটি টিউমার, ছানি, এবং অন্যান্য রোগ, তাদের প্রত্যেকটি একটি জীবাণু থেকে আসে, এবং সেই জীবাণুর একটি শরীর থাকতে হবে। আর এটি একটি দেহ হওয়ার আগে, এটি একটি জীবন হতে হবে। এটি তৈরি করার আগে অথবা—অথবা অঙ্কুরিত হওয়ার আগে এবং আরও কোষ তৈরি করার আগে, এটি একটি জীবন হতে হবে। সেটি ঠিক? এখন, সেই ক্যান্সার কোথা থেকে এসেছে? কে, এটা কোথা থেকে এসেছে? এটা কিছু সময় আগে এখানে আপনার উপর ছিল না, কিন্তু এখন হয়তো এটা আপনার উপর আছে। এটা কোথা থেকে এসেছে? এটা

আপনার জীবনের থেকে ভিন্ন আরেকটি জীবন, আপনার মধ্যে বাস করছে। আর এটি যন্ত্রণাদায়ক, আপনার জীবনকে নষ্ট করে দেয়। এই কারণেই যীশু তাকে "শয়তান" বলেছেন।

69 তারা আজকে মৃগী রোগ বলে, তারা বলে, "মৃগীরোগ।" কেন, মৃগীরোগ, বাইবেলে, যীশু এটাকে "একটি শয়তান" বলেছেন। যখন লোকটি মাটিতে লুটিয়ে পড়া ছেলেটিকে নিয়ে আসে, আর মুখে ফেনা নিয়ে, আর সবকিছু, তিনি বললেন, "তার কাছে একটি শয়তান আছে, আর অনেক সময় সে তাকে আগুনে, জলে ফেলে দেয়।"

70 এখন তারা তার নাম পালিশ করে এবং এটিকে মৃগী রোগ বলে, কিন্তু সে একটি শয়তান। আর যীশু বললেন, "হে শয়তান, বালকটির মধ্য থেকে বেরিয়ে আয়!" ঠিক তাই। এখন, মৃগীরোগ সাধারণত কিডনির সমস্যা থেকে হয়ে থাকে। হয়তো আপনি একটু পরে এটিতে প্রবেশ করবেন। দেখুন? এটি ইউরেমিক থেকে মৃগীরোগ সৃষ্টি করে।

71 এখন, এটিতে লক্ষ্য করুন, তখন সেই কোষটি সেখানে বাস করে, এটি একটি শয়তান। সে একটি জীবন নির্মাণ করে; সে বৃদ্ধি পেতে থাকে, বৃহত্তর থেকে বৃহত্তর হয়ে উঠে। তার একটি কর্তব্য আছে, সেটা হল, আপনার জীবন হরণ করা। এই জন্যই শয়তান তাকে পাঠিয়েছে, যাতে আপনার দিন সত্তর কম হয়।

72 এখন, আমি প্রত্যেক ডাক্তারকে অভিবাদন জানাই। হ্যাঁ, মহাশয়। প্রতিটি চিকিৎসা বিজ্ঞান, তারা মানুষের জন্য যে সাহায্য করেছে তার জন্য ঈশ্বর তাদের আশীর্বাদ করুন। সেটা ঠিক। এটা ছাড়া আপনি আজ পৃথিবীতে কি করতেন? আমি চিকিৎসা বিজ্ঞানের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই। আমি আমার গাড়ির জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই। ঈশ্বর যদি বিজ্ঞানকে আমার জন্য একটি গাড়ি বানাতে না দিতেন, আমার এখানে হেঁটে আসা কঠিন ছিল। বৈদ্যুতিক আলোর জন্য, এবং সাবান দিয়ে আমার হাত ধোয়ার জন্য, এবং টুথপেস্ট দিয়ে আমার দাঁত মাজার জন্য, অবশ্যই। আমি সবকিছুর জন্য তাকে ধন্যবাদ জানাই, কারণ সমস্ত ভালো জিনিস ঈশ্বরের কাছ থেকে আসে।

73 কিন্তু আমাকে আপনাদের বলতে দিন, এমন এক বিন্দুও ওষুধ নেই যা কোন অসুস্থতা নিরাময় করেছে। আর সেখানে কোন ডাক্তারও নেই, যদি একজন হাতুড়ে ডাক্তার হন, কিন্তু একজন প্রকৃত ডাক্তার আপনাকে বলবেন যে তারা নিজেকে

আরোগ্যদানকারী বলে দাবি করেন না। ঠিক মায়ো ব্রাদার্সে, আপনারা অনেকেই...সেখানে আমার সাক্ষাৎকার নেওয়া হয়েছে, দুই অথবা তিনবার। সেখান থেকে আসা রোগীদের মধ্যে, অনিরাময়যোগ্য...আপনি *রিডার্স ডাইজেস্ট*, নভেম্বর সংখ্যা পড়েছেন? *রিডার্স ডাইজেস্টে* নভেম্বর সংখ্যা, সেখানে আমার সেই নিবন্ধটি কতজন পড়েছেন? দেখুন? তারা আমাকে সেখানে ডেকেছিল, শিশুটির সাক্ষাৎকার, যাকে তারা ছেড়ে দিয়েছিল। বলেছিলেন, "এটা সম্ভব নয়।" কিন্তু পবিত্র আত্মা আমার সঙ্গে কথা বলেছিলেন এবং আমাকে বলেছিলেন যে এটি কীভাবে করা হবে, আর এটি করা হয়েছিল। ঠিক আছে। এখন, তারা আমাকে সেখানে ডেকেছিলেন। আর দরজার ঠিক উপরে যেখানে জিমি এবং তারা, মায়ো সেখানে থাকতেন, সেখানে একটি বড় চিহ্ন রয়েছে যা বলে, "আমরা আরোগ্যদানকারী বলে দাবি করি না। আমরা কেবল প্রকৃতিকে সাহায্য করার দাবি করি। একজন আরোগ্যদানকারী আছেন, তিনি হলেন ঈশ্বর।" তারা বিশ্বের সেরা। এখন, আমাদের কাছে কিছু হাতুড়ে ডাক্তার আছে, হ্যাঁ। সেটা ঠিক। আমাদের কিছু হাতুড়ে প্রচারকও আছে। ঠিক আছে। সুতরাং, সেটি উভয় দিকে যায়।

74 লক্ষ্য করুন, কিন্তু যে কোনো ব্যক্তি যিনি দাবি করেন যে তিনি একজন নিরাময়কারী, তিনি একজন গল্পকার, কারণ তিনি এটা করতে পারেন না। কারণ বাইবেল বলে, "আমিই প্রভু যিনি তোমাদের সমস্ত অধর্ম্ম ক্ষমা করেন এবং তোমাদের সমস্ত রোগের প্রতীকার করেন।"

75 আমি অধ্যায়ন করতে গিয়েছি। আর আমার ঘরে,...দেশের সেরা ডাক্তারদের মধ্যে কয়েকজন এসেছিলেন। আপনারা জীবনের পিছনের অংশ জানেন না, বন্ধুরা, কি হয়েছে তা, এবং যে বিষয়গুলি আমি জনসমক্ষে বলি না। লোকেরা গোপনে আসেন। আর আপনারা কি মনে করেন না যে পৃথিবীতে এখনও অনেক নীকদীম নেই; এটা নিশ্চিত, তাদের হাজার হাজার রয়েছেন। তারা সেটা দেখেন আর সভায় আসেন। সেখানে টি-শার্ট পরে বসেন, এইরকম অন্য কিছু, পালিশ করা নাম নিয়ে যেন আপনারা অবাক হন, ঠিক সভায় বসেন। কয়েক দিন ঘুরে বেড়ান এবং গোপনে ডাকেন, এবং কাউকে সাক্ষাৎকারের জন্য পাঠান। আর ঠিক এখনই বলেন, বলুন, "ভাই ব্রানহাম, আমি বিশ্বাস করি এটাই সত্য।" তারা আমাদের মতোই মানুষ। নিশ্চিত। আর প্রতিটি মানুষ সেই অন্ধকার আবরণের ওপারে দেখতে চায় যেখানে তাকে একদিন যেতে হবে।

76 কিন্তু সেই ক্যান্সার এবং এই বিষয়গুলি একেবারে শয়তান যা মাংসের দেহে রূপান্তরিত হয়, উপরে চলে আসে, আপনার জীবন কেড়ে নেয়।

77 এখন, আমি যদি ডাক্তারের মতো করি, যদি আমি এটি কেটে ফেলতে পারি, এটি মাটিতে শুইয়ে দিই...অথবা, ঠিক যেমন, বলুন, উদাহরণস্বরূপ, আপনি একটি ক্যান্সার ছিলেন, নিজেই, এই পৃথিবীতে। এখন, এখানে ঐশ্বরিক আরোগ্যকরণ রয়েছে। আমি যদি ডাক্তারের পথে আপনার হাত থেকে মুক্তি পেতে চাই, তবে আমি শুধু...আপনার শরীরকে ঘষতে হবে, অথবা অন্য কিছু, যতক্ষণ না এটি সমস্ত পৃথিবী থেকে অদৃশ্য হয়ে যায়। এটি আর সেখানে থাকবে না, ঠিক যেমন ডাক্তার সেই ক্যান্সার আপনার থেকে বের করে নেয়। কিন্তু ঐশ্বরিক আরোগ্যকরণের আকারে, আপনি যদি ক্যান্সার হয়ে থাকেন, আমি আপনার জীবনকে আপনার থেকে বের হওয়ার জন্য ডাকতাম, আর আপনি এগিয়ে যেতেন। আপনার জীবন আপনাকে ছেড়ে চলে যাবে, কিন্তু আপনার শরীর এখানে যেমন ছিল ঠিক তেমনি থাকবে।

78 এখন, সেখানে দৃষ্টিশক্তি এবং সময় ঐশ্বরিক আরোগ্যকরণে ঈশ্বরের সবচেয়ে বড় শত্রু। আমি জানি না ভাই ব্যাক্সটার কখনও সভায় এই বিষয়গুলি নিয়েছিলেন কিনা। আমি বসে, তাকে এবং ভাই বসওয়ার্থকে বারবার এটি ব্যাখ্যা করেছিলাম। কিন্তু এখানে যা ঘটেছে। আমি সন্দেহ করি যে অনেকেই এটা বুঝতে পান না, কারণ, কিছুক্ষণ পরে, আপনি লোকদের ফিরে আসতে দেখতে শুরু করেন, এই বলে, "ভাই ব্রানহাম, দুই বা তিন দিনের জন্য আমার আরোগ্যলাভ হয়েছিল, কিন্তু, ঈশ্বরকে ধন্যবাদ, এটা—এটা আমাকে ছেড়ে গেছে।" আর আমি খুঁজে পাই, আর আমি মনে করি কারণ তারা সভাটি ঠিক করেনি। লোকেরা বুঝতে পারে না। আমি লোকদের প্ল্যাটফর্মে সম্পূর্ণ অন্ধ, ক্যান্সার, অথবা তাদের চোখে ছানি নিয়ে আসতে দেখেছি, এবং প্রার্থনা করার পরে এই বাইবেলটি পাঠ করে, নিচে যেতে দেখেছি; এবং তিন বা চার দিনের পরে তারা প্রথমে যেমন অন্ধ ছিল ঠিক তেমন হয়ে যায়। কি হয়েছে ? যে কেউ জানে যে যখন কোন মাংস থেকে প্রাণ চলে যায়, তখন তা কিছু সময়ের জন্য সঙ্কুচিত হয়। এটা কি ঠিক ?

79 কেউ কি কখনও, এখানে, একটি হরিণ, অথবা একটি গরু, অথবা এই জাতীয় কিছু বধ করেছেন ? নিশ্চিত। ঠিক আছে। আপনি আজ রাতে এটা ওজন করুন, আপনারা এখানে যারা শিকারীরা রয়েছেন, আমার বন্ধুরা। আপনি হরিণ শিকার করেন আর আপনি

তাকে পাল্লায় ফেলে দেন, ছেলেদের বলুন তার ওজন কত। দেখুন! সকালে তার ওজন যা ছিলেন তার চেয়ে সে কয়েক পাউন্ড হালকা হতে চলেছে। যখন একজন মানুষ মারা যান, দায়িত্ব গ্রহণকারী, প্রথম জিনিস, মিথ্যা দাঁত বা একটি চোখ বের করে নেন, সেখানে যা কিছু আছে, তা বের করে নেন; কারণ, এটি সঙ্কুচিত হয়, এটি বাইরে ধাক্কা প্রদান করবে কারণ মানুষের শরীর সঙ্কুচিত হয়। সব মাংস সঙ্কুচিত হয়। যখন প্রাণ কোষের বাইরে চলে যায়, তখন এটি ভিতরে যেতে শুরু করে, সঙ্কুচিত হতে থাকে। সে প্রায় বাহাত্তর ঘন্টা ধরে এটা করবে। আর তখন এটি ফুলে উঠতে শুরু করবে। একটি ছোট কুকুরকে এখানে রাস্তায় চাপা পড়তে দিন। তাকে সেখানে প্রায় তিন দিন সূর্যের মধ্যে শুয়ে থাকতে দিন, আর কী ঘটে তা দেখুন। সে আগের থেকে বড় কুকুর হয়ে যায়। এটা ফুলে যায়। এটা কি ঠিক?

80 ঠিক আছে, যখন একজন অসুস্থ ব্যক্তির মধ্য থেকে একটি—একটি ভূত বের করা হয় তখন একই জিনিস ঘটে। প্রথম কয়েক দিন, "ওহ, আমার খুব ভালো লাগছে।" তারপর বলতে শুরু করে, "আমি—আমি আগের চেয়ে বেশি অসুস্থ—আমি আগের চেয়ে বেশি অসুস্থ। আমি আমার নিরাময় হারিয়ে ফেলেছি।" বিশ্বাস যেমন নিশ্চিতভাবে এটিকে বাইরে নিয়ে যায়, অবিশ্বাস এটিকে আবার ফিরিয়ে আনে। বিশ্বাস যেমন এটিকে হত্যা করে, অবিশ্বাস এটিকে পুনরুত্থিত করে। যীশু বলেছেন, "আর অশুচি আত্মা যখন মনুষ্য হইতে বাহির হইয়া যায়, সে জলবিহীন নানা স্থান দিয়া ভ্রমণ করে আর সে আপনা হইতে দুষ্ট অপর সাত আত্মাকে সঙ্গে লইয়া আইসে।" আর যদি বাড়ির ভালো মানুষটি সেই দরজাটি রক্ষা করার জন্য সেখানে দাঁড়িয়ে না থাকে, তবে সে ঠিক ভিতরে আসবে। আর আপনার বাড়ির ভালো মানুষটি হল আপনার বিশ্বাস। বলে, "দূরে থাক!" এটাই।

81 কিন্তু এখন আপনি একজন রোগীকে দেখুন যিনি সুস্থ হয়েছেন, সাধারণত, এটি একটি অসামান্য অলৌকিক ঘটনা না হলে। ঐশ্বরিক আরোগ্যদান এবং একটি অলৌকিক কার্য দুটি ভিন্ন বিষয়। ঐশ্বরিক আরোগ্যদান, এক জিনিস; একটি অলৌকিক ঘটনা অন্য জিনিস। কিন্তু ঐশ্বরিক আরোগ্যকরণের একটি সাধারণ দৌড়, যখন অশুচি আত্মাকে তাড়িয়ে দেওয়া হয়, একটি ক্যান্সারের শয়তান, যখন এটি ব্যক্তিকে ছেড়ে চলে যায়, "ওহ!" এখন, অথবা বলুন আমরা কিছু নিব যাতে আপনারা আরও চাক্ষুষ দেখতে পারেন, আমি বলব, ছানি। কি হয়েছিল যখন সেই ব্যক্তি...যদি আপনি একজন অন্ধ ব্যক্তিকে লক্ষ্য করেন। আমি জানি না আমার এখানে কখনও কেউ

এসেছিলেন কি না, চোখে ছানি নিয়ে। আমি তাদের কয়েক মিনিটের জন্য দাঁড়াতে বলব। কেন ? যেন সেই সংকোচন হতে শুরু করে। তাদের ফিরে আসতে বলুন, আমাদের একটি সাক্ষ্য দিতে বলুন। "ওহ, আমার!" তারা বিস্ময়কর কিছু দেখতে পান। "ওহ, আমার! শুধু, আমি বিভিন্ন জিনিস দেখতে পাচ্ছি! হ্যাঁ! আমি..." ব্যাপার কি ? জীবন চলে গেছে; ছানির শরীর সঙ্কুচিত হচ্ছে। ঠিক আছে, এটা কয়েক দিন এভাবেই চলবে। বলেন, "ওহ, আমি ভালো হয়ে যাচ্ছি।"

82 আর কিছুক্ষণ পরে, তাদের মাথাব্যথা শুরু হয়, ভালো লাগছে না। পরের দিন সকালে ঘুম থেকে উঠুন, "আমি আবার দৃষ্টিশক্তি হারিয়ে ফেলছি।"

83 তাদের মধ্যে কেউ কেউ বলেন, "আহ-হাহ, আপনি সবেমাত্র কাজ করেছেন। সেই পবিত্র-রোলারদের দল আপনাকে কাজ করতে বাধ্য করেছে।" আপনারা এটি বিশ্বাস করবেন না! এটা শয়তানের মিথ্যা কথা। আপনি যদি এটা বিশ্বাস করেন, আপনি আবার অন্ধ হয়ে যাবেন।

কিন্তু আপনি যদি ধরে রাখেন, বলেন, "না। প্রভু, আমি বিশ্বাস করি।"

84 তখন কি হয় ? সেই শরীরটি ফুলতে শুরু করে। এটা আবার সেই দৃশ্যকে ঢেকে দেয়। সেই ক্যান্সার শরীরে ফুলে উঠবে। আপনি পুনরায় ব্যথা যন্ত্রণা অনুভব করবেন। তারপরে আপনি ভয়ঙ্করভাবে অসুস্থ হয়ে পড়বেন, ভয়ানক অসুস্থ। কেন ? সেই বৃদ্ধিপ্রাপ্ত মাংসপিণ্ড আপনার মধ্যে মৃত অবস্থায় শুয়ে রয়েছে, মৃত।

85 আপনি ফিরে যান, ডাক্তার আর তারা বলেন, "ওহ, এটা আজেবাজে কথা। ক্যান্সার ঠিক সেখানে আছে। আমি এটা দেখতে পাচ্ছি।" অবশ্যই, এটা সেখানে আছে, কিন্তু এটা মৃত। হালেলুইয়া!

86 এখন, রক্তপ্রবাহকে শরীরকে শুদ্ধ করতে হবে। প্রতিবার যখন হৃৎপিণ্ড পাম্প করে, এটি শরীরের চারপাশে রক্ত ছড়িয়ে দেয় এবং এটি সেই সংক্রমণকে তুলে নেয়। অবশ্যই, এটা আপনাকে অসুস্থ করে তুলবে। যদি আপনার মধ্যে কোথাও এক পিণ্ড মাংস ঝুলে থাকে, অথবা সাপের মতো লম্বা, অথবা আপনার আঙুলের মতো বড় কিছু, সেখানে ঝুলছে, আর এটা মৃত, আপনার মধ্যে এত মরা মাংস ঝুলছে, আর এটা পচে যাচ্ছে ? ঠিক আছে, অবশ্যই, আপনার রক্তপ্রবাহকে বিশুদ্ধ রাখতে হবে, কারণ এটি পাম্প করে। কিন্তু সেখানে একটি মৃত দেহ আছে, জিনিসটি সেখানে ঝুলছে, কারণ

এটি থেকে জীবন চলে গেছে। ঈশ্বরের শক্তি, বিশ্বাসের মাধ্যমে, এটিকে তাড়িয়ে দিয়েছে। সে একটি ভূত; তাকে চলে যেতে হবে।

87 কিন্তু, যে কারণে, লোকদের নির্দেশ দেওয়া হয় না। তারা চলে যায়, হাল ছেড়ে দেয়। আর সেই একই শয়তান ঠিক সেখানে দাঁড়িয়ে আছে, পুনরায় দখল করার জন্য। যখন ঈশ্বর আপনাকে এই মঞ্চে কিছু বলেন, তাঁর আত্মার মাধ্যমে, যখন অনুপ্রেরণার অধীনে, তিনি বলেছেন, আপনারা সন্দেহ করবেন না, নতুবা আরও খারাপ বিষয় আপনাদের উপর আসবে। কারণ যীশু বলেছেন, "সেই ব্যক্তির শেষ অবস্থা প্রথম অবস্থার চেয়েও সাতগুণ খারাপ হয়।" এটা কি ঠিক? যখন অশুচি আত্মা একজন মানুষের থেকে বেরিয়ে যায়, তখন সে শুকনো জায়গায় ঘুরে বেড়ায়, অন্য সাতটি শয়তানের সাথে ফিরে আসে। সুতরাং, আপনারা অবিশ্বাস করবেন না। এর সাথে থাকুন। এটা গ্রহণ করুন, আপনার হৃদয় থেকে। বলুন, "না, মহাশয়! আমি বিচলিত হব না! আমি যতই অসুস্থ হই না কেন, এর সাথে এর কিছুই করার নেই।" তারপর, প্রথম বিষয় যা আপনারা জানেন, আপনি পরিষ্কার হয়ে যাবেন। তখন সব ঠিক হয়ে যাবে। দেখুন, এটা মারা গেছে। ডাক্তার আপনার কাছ থেকে অপারেশন করে যা—যা বের করত, সেই একই মাংশপিণ্ড আপনার মধ্যে রয়েছে, এতে কোন জীবন নেই।

88 আপনি বলেন, "সেই জীবন, ভাই ব্রানহাম, এটা কি আমার প্রাণ নেবে?" না, মহাশয়। সেই জীবন আপনার থেকে একটি পৃথক জীবন। আমি আপনাকে দেখিয়েছি যে আপনি একটি জীবন এবং একটি সত্তা হয়ে যান, এবং এটি একটি জীবন এবং একটি সত্তায় পরিণত হয়; আর আপনি ঈশ্বরের, আর এটা শয়তানের। আপনারা কি বুঝতে পারছেন আমি কি বলতে চাইছি? ভৌতিক বিদ্যা। এখন, আপনার দেখা উচিত, যখন আপনি দাঁড়িয়ে এটি দেখেন, তখন সেই জিনিসটি কেমন দেখায়।

89 ওহ, আমার, আমি দুঃখিত, এখন প্রায় সাড়ে তিনটা। আমি দুঃখিত। দেখুন, বন্ধুরা। ওহ, এই পৃথিবীর কি প্রয়োজন রয়েছে!

90 আমি প্রায় সাত বছর ধরে, আমেরিকা জুড়ে প্রচার করছি, এই আরোগ্যকরণ সভাগুলি করছি। আমি সারা দেশে ফিরে আসার জন্য একটি ভাল ধারণা পেয়েছি, বাইবেল শেখানো, এবং ভৌতিক বিদ্যার উপর, কিভাবে লোকেরা বুঝতে পারবে কি করতে হবে। আর এই কারণেই, তারা এই সভাগুলিতে আসে, অনেকবার, আর, সহকর্মী...যদি আপনি না বুঝতে পারেন, লোকেরা বেরিয়ে আসে, এবং অনেক সময়...

এখন, সেই ব্যক্তিটির কথা মনে করুন যিনি এসে বলেছিলেন তার কাছে ঐশ্বরিক আরোগ্যকরণের একটি দান আছে? আপনি যদি সুস্থ হয়ে থাকেন তবে ঐশ্বরিক আরোগ্যকরণের দান আপনার মধ্যে আছে। এটা আপনি, সেই জন। যে কোন দান বিশ্বাস দ্বারা পরিচালিত হয়। আর আমি যতই ঐশ্বরিক আরোগ্যকরণের দান পেয়ে থাকি না কেন, আমি এটা আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি, কিন্তু আপনি এখানে দাঁড়িয়ে থাকতে পারেন এবং, যদি আপনার কাছে একই ধরণের বিশ্বাস না থাকে, তবে এটি আপনার কোন উপকার করবে না। আমি আপনার জন্য প্রার্থনা করতে পারি, ঘন্টার পর ঘন্টা, সপ্তাহের পর সপ্তাহ এবং মাসের পর মাস ধরে। এটি প্রচারক ঐশ্বরিক আরোগ্যকরণ নিয়ে নন। এটি আপনি, যিনি ঐশ্বরিক আরোগ্যকরণের দান পেয়েছেন, যারা সুস্থ হওয়াতে বিশ্বাস করেন, কারণ এটি বিশ্বাসের দ্বারা হয়ে থাকে। বিশ্বাসের দ্বারা! ঈশ্বরের প্রতিটি অপারেশন বিশ্বাস দ্বারা হয়।

91 ঈশ্বরের সমস্ত অস্ত্রশস্ত্র বিশ্বাসের দ্বারা। আমাদের কাছে এই পৃথিবীর কোন প্রাকৃতিক জিনিস নেই। একটি—একটি খ্রিস্টান মণ্ডলীর সবকিছুই বিশ্বাসের দ্বারা ক্রিয়া করে। ঈশ্বরের যুদ্ধসজ্জা দেখুন: প্রেম, আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, ধার্মিকতা, নম্রতা, ভদ্রতা, ধৈর্য। এটা কি ঠিক? সবকিছু অতিপ্রাকৃত, প্রাকৃতিক কিছুই নয়। তাই আমরা প্রাকৃতিক বিষয়গুলির দিকে তাকাই না, কারণ আমরা অতিপ্রাকৃত কাজ করছি। আর একমাত্র উপায় যা আমরা ভিত্তি করতে পারি, তা হল বিশ্বাস, ঈশ্বর যা বলেছেন তা সত্য, আর আমরা অদৃশ্যকে দেখি। আর যা নেই তা আমরা বলে থাকি, যেন তারা আছে; যেমন অব্রাহাম করেছিলেন, এবং এটি পেয়েছিলেন। আমেন! অব্রাহাম, যা ছিল না সেই বিষয়গুলিকে বিশ্বাস করেছিলেন, যেমন ঈশ্বর করেছিলেন, যেন তারা আছে। একশো বছর বয়সে, অবিশ্বাসের দ্বারা ঈশ্বরের প্রতিশ্রুতিতে স্তব্ধ হননি।

92 আমি এটা কল্পনা করতে পারি, আপনারা কি করতে পারেন? দেখুন সারাকে একদিন সকালে ঘুম থেকে উঠতে। ঈশ্বর বললেন, "অব্রাহাম!" বললেন, "অব্রাহাম, তুমি সন্তানের জন্ম দিতে যাচ্ছ।"

93 সারা ঘুম থেকে উঠে পড়ে। বলেন, "তুমি কেমন অনুভব করছ, সারা?" এটি একটি মিশ্র শ্রোতা, কিন্তু শুনুন।

"কোন পার্থক্য নেই।"

94 "ঠিক আছে, ঈশ্বরের মহিমা হউক, আমরা এটা পেতে যাচ্ছি!

যাও কাপড় আর পিন, আর সবকিছু নিয়ে এসো। প্রস্তুত হও।”

ঠিক আছে, আরও এক মাস কেটে গেল। “সারা, তোমার কেমন লাগছে?”

“কোন পার্থক্য নেই।”

বছর কেটে গেল। “সারা, এখন কেমন?”

“কোন পার্থক্য নেই।”

দশ বছর কেটে গেল। “কোন পার্থক্য নেই।”

পঁচিশ বছর কেটে গেল। “কোন পার্থক্য নেই।”

95 অব্রাহাম, দুর্বল হওয়ার পরিবর্তে, তিনি শক্তিশালী থেকে শক্তিশালী হতে থাকেন। তিনি জানতেন যে এটি সর্বদা একটি অলৌকিক ঘটনা হতে চলেছে, কারণ তিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, এবং অবিশ্বাসের দ্বারা ঈশ্বরের প্রতিশ্রুতিতে স্তব্ধ হননি। তিনি বললেন, “আমরা তাকে পেতে যাচ্ছি!” আর একদিন সকালে সারার গর্ভ ফুলতে শুরু করে, আর ছোট ইস্‌হাকের জন্ম হয়, কারণ অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন। আর তিনি সেই বিষয়গুলির দিকে তাকালেন, আর সেই বিষয়গুলি গণনা করলেন যা মনে হয় নেই।

96 অনুভূতি দ্বারা নয়, দৃষ্টি দ্বারা নয়। আপনি অনুভূতি বা দৃষ্টিশক্তি দ্বারা চলেন না। এটা বিশ্বাসের দ্বারা। আর যখন ঈশ্বর কিছু উচ্চারণ করেন, বলেন, “যাহা কিছু তোমরা প্রার্থনা করার সময় যাচ্ঞা কর, বিশ্বাস করিও যে তাহা পাইয়াছ,” তারপর এটা ধরে রাখুন। ঈশ্বর তাই বলেছেন, এটা তাই হতে হবে! আমেন। ভূতদের!

পিতার উপর বিশ্বাস, পুত্রের উপর বিশ্বাস,
পবিত্র আত্মার উপর বিশ্বাস, তিন একটিতে;
শয়তান কাঁপবে আর পাপীরা জাগ্রত হবে;
যিহোবার উপর বিশ্বাস যেকোনো কিছুকে নাড়া
দিবে।

সেটা ঠিক। ওহ, আমার! অবশ্যই এটা। ঈশ্বরে বিশ্বাস রাখুন। তার দিকে দেখুন। আপনারা সরে যাবেন না। ঠিক সেখানেই থাকুন। ঈশ্বর তাই বলেছেন!

97 আর, শয়তান, তারা কি? তারা আধ্যাত্মিক সত্তা। এখন, ডাক্তার—ডাক্তার বলেন, “আপনার ক্যান্সার হয়েছে। আপনার টিবি হয়েছে। আপনার ছানি পড়েছে। আপনার প্লুরিসি হয়েছে। আপনারা *এটা* হয়েছে।” এটি একটা শয়তান। এটি একটি জীবন,

এবং সেই জীবনের পিছনে একটি আত্মা রয়েছে। কতজন জানেন এবং দেখতে পান যে একটি ক্যান্সার, ছানি, এটি—এটি...এটি একটি আত্মা, এতে—এতে জীবন আছে। ঠিক আছে, আত্মা ছাড়া জীবন থাকতে পারে না, আপনারা দেখুন, তাই এটি পরিচালনা করার জন্য কোথাও একটি জীবন থাকতে হবে।

98 এমনকি গাছেও জীবন আছে। পৃথিবীর সমস্ত বিজ্ঞান ঘাসের একটি ফলক তৈরি করতে পারেনি। আপনি কি সেটা জানেন? তারা এমন কিছু তৈরী করে যা এর মতো দেখায়, কিন্তু তারা জীবনের সূত্র খুঁজে পায় না। এটাই ঈশ্বর। দেখুন? যীশু সেই বৃক্ষকে বলেছিলেন, "তুমি শাপপ্রাপ্ত হও। তোমার কোন ফল নেই, আর তোমার কোন ফলও হবে না।" তারা সেখান দিয়ে পুনরায় যাওয়ার সময়। তখন সকাল প্রায় আটটা। প্রায় এগারোটা সময় সেখান গিয়ে যাওয়ার সময়, যখন তারা সান্ধ্যভোজনে যাচ্ছিল। পিতর বললেন, "সেই গাছটির দিকে দেখ, এটা শিকড় থেকে মরে গেছে।" কেন? যীশু সেই বৃক্ষের মধ্যে যে জীবন ছিল, যা শিকড়ের মধ্যে ছিল, তাকে ধমক দিয়েছিলেন, এবং পুরো জিনিসটি মারা যায়। হালেলুইয়া!

99 সেই একই খ্রীষ্ট শিকড় থেকে ক্যান্সারকে তিরস্কার করতে পারেন, এবং পুরো জিনিসটি মারা যাবে। সেই গাছটি সেখানে ঠিক একইভাবে দাঁড়িয়ে ছিল যেমনটি সে ছিল, কয়েক ঘন্টা আগে, কিন্তু আপনি দেখতে পান যে পাতা ঝরে যেতে শুরু করেছে, আর তারপর দেখতে পান যে বাকল খসে পড়তে শুরু করেছে। আর... ক্ষয় হতে শুরু করে, দিনের পর দিন, এবং সপ্তাহের পর সপ্তাহ, এবং কিছুক্ষণ পরে সেই গাছের একটি কণাও অবশিষ্ট ছিল না। হালেলুইয়া! ক্যান্সার, টিউমার, ছানি, অথবা অন্য কিছু, খ্রীষ্ট বলার পর তাকে চলে যেতেই হবে। তিনি শয়তানদের তাড়িয়ে দেন। আর তিনি বলেছেন, "তাহারা আমার নামে ভূত ছাড়াইবে, তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে, তাহারা সর্প তুলিবে, এবং প্রাণনাশক কিছু পান করিলেও তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না। তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।"

100 আপনি কি তাকে ভালবাসেন? আমি দুঃখিত আজ বিকেলে আমি আপনাদের এখানে এক ঘন্টা রেখেছি, এখানে বসিয়ে রেখেছি। আপনারা কি প্রভুকে ভালবাসেন? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।] এখন কি হতে যাচ্ছে? আপনি যদি খ্রীষ্টকে আপনার আরোগ্যপ্রদানকারী হিসাবে গ্রহণ করেন, এবং আপনার হৃদয়ে বিশ্বাস করেন যে আপনার সঙ্গে কিছু ঘটেছে, আর আপনি বিশ্বাস করেন যে আপনি সুস্থ হয়েছেন, আপনি কি বিশ্বাস

করবেন যে আপনি সুস্থ হয়েছেন? শয়তানকে আপনার উপর আর কিছু চাপতে দেবেন না। শুধু বিশ্বাস করুন।

"ডাক্তার," বলুন—বলুন, "ডাক্তার, এটি দেখতে কেমন?"

তিনি বললেন, "কেন, এটা এখনও আছে।"

101 আপনার হৃদয়ে আপনি জানেন, আপনি জানেন কি হয়েছে। হুহ্! প্রথম বিষয় যা আপনি জানেন, বলুন, "বলুন, আশ্চর্য্য যে সেই জিনিসটির কি হয়েছে?"

102 তারপর বলুন, "দেখুন ডাক্তার, আমি আপনাকে বলতে যাচ্ছি। এখানে কি ঘটেছে, যীশু খ্রীষ্ট আমাকে সুস্থ করেছেন। সেটা ঠিক। যীশু খ্রীষ্ট আমাকে সুস্থ করেছেন।"

103 ঠিক আছে, আসুন কিছুক্ষণ মাথা নত করি। ভাই উইলেট, আপনি কি এখানে এক মিনিটের জন্য আসবেন, ভাই?

104 এখন, স্বর্গীয় পিতা, আমরা খ্রীষ্টের রক্তের জন্য কৃতজ্ঞ। আর হয়তো কখনও আপনার দাস, প্রভু, এত দীর্ঘ সময় কথা বলেন, জ্ঞান ব্যবহার করেন না। কিন্তু আমি হয়তো পৌলের মতো অনুভব করছি, যিনি সারা রাত এক রাতে প্রচার করেছিল। একটি ছোট বালক জানালা থেকে পড়ে গিয়ে মারা যায়। আর সেই প্রেরিত, তাঁর জীবনে ঈশ্বরের বাক্য নিয়ে, গিয়ে ছেলেটির উপর তার দেহ রাখলেন, তার মধ্যে জীবন ফিরে আসে এবং সে পুনরায় জীবিত হয়।

105 প্রিয় ঈশ্বর, আমি বুঝতে পারি যে এখন এই মহান সভ্যতার সূর্যাস্ত হচ্ছে, অতিবাহিত হয়েছে, দিনের মধ্যাহ্ন চলে গেছে, সন্ধ্যার ছায়া পড়তে শুরু করেছে। মহান আলো ঈশ্বরের রাজ্য থেকে বেরিয়ে আসছে, পৃথিবীতে আসা এই ঘন অন্ধকারের স্থান নিতে। ঈশ্বর, আমি বুঝতে পারি আমি প্রতিদিন বৃদ্ধ হয়ে যাচ্ছি। আমাকে যেতে দিন, প্রভু। আমাকে শক্তি দিন। এই মহান সত্য সর্বত্র বলতে আমাকে সাহায্য করুন। আমাদের সাহায্য করুন, আগামীকাল বিকেলে, যাতে আমরা আরও বুঝতে পারি।

106 আর, প্রিয় ঈশ্বর, আজ বিকেলে এই ছোট্ট শ্রোতা মণ্ডলীকে আশীর্বাদ করুন। আজ রাতে, যখন তারা আরোগ্যকরণ সভার জন্য একত্রিত হয়, প্রতিটি পুরুষ এবং মহিলা যেন একে অপরের সাথে কথা বলেন, আর বলেন, "এখন, এখানে...আর কোন সন্দেহ করবেন না—করবেন না। আমরা বুঝতে পারি এটা এখন কোথা থেকে এসেছে। আমরা জানি এটা শয়তান। আর আমরা জানি যখন সে চলে যায়, তাকে ঈশ্বরের আদেশ পালন করতে হবে। তাকে

করতে হবে। ঈশ্বর তাই বলেছেন। তাকে চলে যেতে হবে।" তারপর, তারা বেরিয়ে যেতে পারেন, খুশি হয়ে, আনন্দিত হয়ে, তাদের নিরাময় দাবি করে। কিছুই, কিছুই যেন তাদের পথে আর বাধা না দেয়; শুধু এগিয়ে যান, বিশ্বাস করে।

107 আর, ঈশ্বর, এখানে এই ছোট্ট মণ্ডলী, এবং এই সহযোগিতাকারী মন্ডলীরা, এই সভার পরে যেন একটি পুনরুজ্জীবন প্রাপ্ত হয়, প্রভু, এটি কেবল এটিকে নিয়ে যাবে, এবং বহু শত প্রাণকে ঈশ্বরের রাজ্যে নিয়ে আসবে। এটা প্রদান করুন, পিতা। এখানে পুরুষ এবং মহিলারা, বিভিন্ন জাতি এবং অন্যান্য স্থান থেকে, তারা যেন তাদের গির্জায় বার্তাটি নিয়ে যেতে পারে, এবং তাদের মধ্যে যেন একটি পুরানো ধাঁচের পুনরুজ্জীবন হতে পারে। এটা প্রদান করুন, প্রভু। এখন আমাদের পাপ ক্ষমা করুন। আমাদের আপনার দাস হতে সাহায্য করুন। যীশু খ্রীষ্টের নামে। আমেন।

108 আমি আশ্চর্য হই, যখন আপনি এখানে বসে আছেন, আজ কি ভবনে কোন পাপী রয়েছেন, বলবেন, "ভাই ব্রানহাম, আমাকে প্রার্থনায় স্মরণ করুন"? আপনি কি, আপনি কি আপনার হাত উপরে তুলবেন? সেখানে কি কোন পাপী ব্যক্তি আছেন? আমি না...ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভদ্রমহিলা। সেখানে কি? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, মহাশয়। আপনাকে, এবং আপনাকে, এবং আপনাকে, ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। আমি ভাবছি আপনি যদি...এখন, এটা আপনার জন্য।

109 দেখুন, আমি দর্শকদের মধ্যে ফিরে যেতে বিশ্বাস করি না। আমি অন্যদের সমালোচনা করি না যারা এটা করে। আমি শ্রোতাদের মধ্যে গিয়ে কাউকে টেনে নিয়ে আসায় বিশ্বাস করি না। দেখুন? "পিতা আকর্ষণ না করিলে কেহ আমার নিকট আসিতে পারে না।" দেখুন? সেটা ঠিক। আপনি শুধু তার ইচ্ছার বিরুদ্ধে তাকে সেখানে টেনে আনেন। দেখুন? কিন্তু যদি ঈশ্বর আপনার হৃদয়ে আঘাত করেন, আপনি বিশ্বের সর্বশ্রেষ্ঠ বিশেষাধিকারপ্রাপ্ত ব্যক্তি। আপনারা জানেন না আমি কতজনের সাথে কথা বলেছি।

53-0608A ভৌতিক বিদ্যা, শারীরিক ক্ষেত্র
রবার্টস পার্ক অ্যাম্ফিথিয়েটার
কনার্সভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org